১৬ পাতার সংখ্যা

দাম : ৪ টাকা

কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 34 ■ Issue No. 50 ■ 18th December 2021 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

VANIK

NATIONAL HELP LINE 83-38-05-00-77

Bank | SSC | Rail | IAS | WBCS | PSC

Regular(Afternoon 2.00pm to 6.00pm)23rd Dec.2021 Weekend (Sat. & Sun.) 25th Dec. 2021

Regular (9.30am to 4.30pm)23rd Dec.2021 Exclusive WBCS Batch Weekend (Sat. & Sun.) 25th Dec.2021

Follow us on www.facebook.com/vanikkolkata | www.vanik.org | vanik.kol@gmail.com

স্টেট ব্যাঙ্কে ১,২২৬ অফিসার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'সার্কেল বেসড অফিসার' পদে ১,২২৬ জন ছেলেমেয়ে নিচ্ছে।
যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ প্রাক্তন সমরকর্মীরা আর্মি স্পেশাল

এরপর ১৪ পাতায়

৮৪ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার-।' ও 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-।' পদে ৮৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
ট্রেনি ইঞ্জিনিয়ার-। : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪

এরপর ২ পাতায়

ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউটে

৬৪১ টেকনিশিয়ান

মাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : আই.সি.এ.আর.-ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট সারা ভারতের বিভিন্ন রিজিওন্যাল অফিসে কাজের জন্য 'টেকনিশিয়ান (T-1)' পদে ৬৪১ জন ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : ৬৪১টি (জেনাঃ ২৮৬, ও.বি.সি. ১৩৩, সি.ডব্লু.এস. ৬১, তঃজাঃ ৯৩, তঃউঃজাঃ ৬৮)। শূন্যপদের সংখ্যা প্রয়োজনে বদল

এরপর ৩ পাতায়

Last Chance to Admission
few seats left
GNM and B.Sc নার্সিং
Reliable
Ph. : 7003007707

রেলে গ্রুপ 'ডি' পদের পরীক্ষা শুরু ২৩ ফেব্রুয়ারি

পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ১.১৫ কোটি

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে রেলে গ্রুপ-ডি পদের (বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ০১/২০১৯ -লেভেল-।)'এর কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) শুরু হবে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে। বিভিন্ন ফেজে এই পরীক্ষা নেওয়া হবে কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে। প্রায় ৫-৬ মাধ ধরে এই পরীক্ষা নেওয়া হবে।
ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে। পূর্ব রেল,

এরপর ৫ পাতায়

গ্রুপ-ডি -তে 'কমন' পেতে
রেলের গ্রুপ-ডি পরীক্ষার কয়েকশো প্রশ্নোত্তর। এছাড়াও পাবেন বিগত বছরের প্রশ্নোত্তর।
আজই কিনুন
সাফল্য

রেলে NTPC'র ফল জানুয়ারিতে 'মেন' পরীক্ষা ১৪-১৮ ফেব্রুয়ারি

নিজস্ব সংবাদদাতা : কলকাতা, মালদা, শিলিগুড়ি -সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০১/২০১৯'এর নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) -এর প্রথম পর্যায়ের যে সি.বি.টি. টেস্ট ২০২০ সালের ২৮ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৩১ জুলাই পর্যন্ত ৭টি পর্যায়ে হয়েছিল, তার ফল বেরোবে আগামী বছর ১৫ জানুয়ারি। প্রথম পর্যায়ের এই পরীক্ষা সারা ভারতের ২০০টি সিটিতে ৭২৬টি সেন্টারে ৬৮ দিন

এরপর ৫ পাতায়

কেন্দ্রীয় সংস্থায় ১২১ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা : ব্রহ্মপুত্র ক্র্যাকার্স অ্যান্ড পলিমার লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' পদে ১২১ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :
গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, টেলিকম, কম্পিউটার সায়েন্স বা, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ২০টি, কেমিক্যালে ২০টি, ইলেক্ট্রিক্যাল ১৫টি, ইন্সট্রুমেন্টেশনে ১৮টি, টেলিকম ৩টি, কম্পিউটার সায়েন্স ৩টি, সিভিল ৫টি।
টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস : মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মডার্ণ অফিস

এরপর ৫ পাতায়

ব্যাঙ্কে ৩৫ সুইপার

নিজস্ব সংবাদদাতা : পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের কলকাতা সাউথ সার্কেল 'পার্ট টাইম সুইপার' পদে ৩৫ জন লোক নিচ্ছে। কারা কোন সার্কেলে আবেদনের যোগ্য :
মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সব সার্কেলের ক্ষেত্রেই আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২১'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। মূল মাইনে :

এরপর ২ পাতায়

৭৯ ক্লার্ক ও টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা : ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড 'ল্যাবরেটরি টেকনিশিয়ান', 'ফার্মাসিস্ট', 'আপার ডিভিশন ক্লার্ক', 'মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান' ও 'লাইব্রেরিয়ান' পদে ৭৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
স্টোরকীপার-কাম -ক্লার্ক : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। স্টোরের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৩,১০০ টাকা। শূন্যপদ : ৩টি।
আপার ডিভিশন ক্লার্ক / ডাটা এন্ট্রি অপারেটর : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৪,৮০০ টাকা। শূন্যপদ : ২৬টি।

এরপর ৯ পাতায়

ভেতরের পাতায় আছে
আই.বি.পি.এস ক্লার্ক পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
কীভাবে কম পুঁজিতে চানাচুর তৈরির ব্যবসা করবেন

সেনাবাহিনীতে ৪০ টেকনিক্যাল অফিসার

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় স্থলবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে (টি.জি.সি. -১৩৫) অফিসারপদে ৪০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :
সিভিল, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশান টেকেনোলজি, সিভিল অ্যান্ড রুরাল

এরপর ৯ পাতায়

পশ্চিমবঙ্গে সর্বপ্রথম একেবারে নতুন আঙ্গিকে ও নতুনভাবে সৃষ্টি
জেনারেল স্টাডিজ অ্যাডভান্স 2022
জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া 2022
জেনারেল নলেজ MCQ (20000+) 2022
SSC গ্রুপ সি | SSC গ্রুপ ডি
SSC কনস্টেবল ও রাইফেলম্যান (GD)
জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স -২০২১
কলকাতা পুলিশ সাব-ইন্সপেক্টর, লেডি-সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট
প্রাইমারী টেট অ্যাডভান্স
SSC Preliminary Test (IX-X & XI-XII)
শিশু মনস্তত্ত্ব ও শিশু বিকাশ
তপতী পাবলিশার্স®
৯/৪ টেমার লেন, কোলকাতা-৯
E-mail: tapatipublishers@gmail.com

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

স্কুল-কলেজ-শিক্ষা

WBCS পড়াই। Group-D-9 জন ইন্টারভিউ দিচ্ছে। 'কর্মক্ষেত্র' এবং 'পেশাপ্রবেশ'এর লেখক সাগর রায়, 9874069897 (Online/Offline) SH

কম খরচে NCVT ITI
Fitter, Electrician ভর্তি। গরীব ও মেধাদের জন্য বিশেষ সুবিধা। কোম্পানি চাকরি লিখিত গ্যারান্টি। SC/ST/OBC/Minority100% স্কলারশিপ। Satyan Bose ITI, Barasat, 9143181141, 7890874869 R

কর্মখালি

Urgent Vacancy for Medical Representative in Purulia with local market knowledge. Min. 1+ years of exp. HR 7439144025 (11 am to 5 pm) SH(A)

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব
Front অফিস Back Office. বয়স-18-40, HS ও Graduate. কোনো ডোনেশন নেই। 6291125164, 8697616100 R

স্থায়ী কর্মী নিয়োগ
জেলাভিত্তিক Pvt. Co, ফ্যাক্টরি, অফিস, টাওয়ার, মল, স্বাস্থ্যকেন্দ্রে অফিশিয়াল, অন্যান্য পদে কর্মী নিয়োগ। বেতন : (13500-23500), M : 8348331196 SA

Airport ও ব্যাঙ্ক
Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম /স্নাতক কর্মী নিচ্ছে। বেতন - 18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। M : 9593463109 SA

আর্জেন্ট জব
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 17,600/48,900. থাকা-খাওয়া ফ্রি। M : 9733672376 SA

কর্মখালি

সরাসরি কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মলে, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500-22,500. যোগাযোগ – M : 9051457091 SA

বারাসাতে অফিসে বসে
ফোনে কথা বলার কাজের জন্য ৯ জন মহিলা কর্মী চাই। Fixed Salary- 6K to 9K. Mob: 7797224708 D

Required Lady Admission Counselor, Faculties for Hotel mgmt institute near South Kol. Admission Consultants are welcome. kolkatansm@gmail.com B(A)

ডাইরেক্ট জয়েনিং
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন - 17,400 / 47,800. থাকা ফ্রি। M : 9593608176. SA

ব্যাঙ্ক DSA-তে চাকুরী
পঃবঙ্গের 20টি জেলায় বিনা ডোনেশনে সরাসরি ক্লার্ক, পিওন, ম্যানেজার পদে Male/Female চাই। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন: 14600/—60200/-. PF, ESI, বোনাস। M : 9432421056 SA

কর্মখালি

এলাকাভিত্তিক খাবার
প্যাকিং-এ বেতন 8–12K ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে যাত্রীদের খাবার প্যাকিং 14–18K বেতনে 8 ঘন্টা স্থায়ী কাজ। ছেলে/মেয়ে চাই। 8274075374 SA

এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব
Govt. R-No : 63741 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কর্মী চাই। বেতন : 17,300/--48,700/- থাকা-খাওয়া ফ্রি, যোগাযোগ M- 7551880381 SA(A)

শূন্যপদ 130
পঃবঃ প্রতিটি জেলায় বিনা ডোনেশনে 3 স্টার, 5 স্টার হোটেলে কর্মী নিয়োগ চলছে। PF, ESI ও থাকা-খাওয়ার সুবিধা আছে। বেতন : 10,200/--19,600/-, M : 8276013564 SA

প্রাঃ ব্যাঙ্ক DSA স্থায়ী জব
WB-L/C No. Kol-50W85 পঃ বাংলার বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক ও Back office-সহ ব্যাঙ্ক DSA-এর জন্য 326 জন M/F বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/--32,700/-. এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা থাকবে। Helpline : 8328728134 SA

কর্মখালি

আর্জেন্ট ভ্যাকান্সি
পঃবঃ প্রতিটি জেলায় 4G ও 5G টাওয়ার Co-তে সুপারভাইজার, Peon, CCTV অপারেটর ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,700/- – 19,500/-. যোগাযোগ : 9073195360 SA

AXIS, HDFC, বন্ধন, ব্যাঙ্ক DSA-তে নিজজেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন : 15K–22K, + PF, ESI. Mob: 9432665439 SA

Airport ও ব্যাঙ্ক
গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- যোগাযোগ M : 8145187988 SA

ব্যাঙ্কে চাকরি
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাঙ্ক DSA-তে চাকরি। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 14,000/--57,000/- M/F নিয়োগ চলছে। এছাড়াও Ex-Army বিশেষ সুবিধা আছে। যোগাযোগ M : 9647236708 SA

কর্মখালি

NGO based GNM Nurse & Social worker Female application within 31.12.21. www.bwsngo.org.in 9083165292, 8967149189 SH(A)

আর্জেন্ট কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/- –18,300/-. থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067. SA

জাহাজ ও ডকে স্থায়ী জব
WB-KOL L/C No - WBKOL -70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্ম প্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 186 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 19,750/-, 46,500/- থাকা-খাওয়া-সহ অন্যান্য সুবিধা. Help - 8327329779 SA

দেখে বুঝে পা ফেলুন
চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নই।
— সম্পাদক, কর্মসংস্থান

স্কুল-কলেজ-শিক্ষা

মাসিক মাহিনায় কোচিং
By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS, TET (Eng.+Math.) & Comb. কলকাতা (কলেজ স্ট্রিট), নৈহাটি, মগরা (হুগলি)। M: 9073447917 SH

কর্মখালি

URGENT JOINING BANK – AIRPORT
Govt. L. No.-WB5252, পঃবঃ ও উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F কর্মী চাই। (নামসই-স্নাতক) বেতন - 17,500 – 43,300. থাকা-খাওয়া ফ্রি। যোগাযোগ M : 9432057063 SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

দিল্লি পাব্লিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা

নিজস্ব সংবাদদাতা : দিল্লি পাব্লিক স্কুলের মজঃফরপুর শাখা প্রাইমারি টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রি-প্রাইমারি টিচার পদে কিছু শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

প্রাইমারি টিচার নেওয়া হবে : ইংরিজি, অঙ্ক, হিন্দি, আর্ট অ্যান্ড ক্র্যাফট, ডান্স, মিউজিক /ইন্সট্রুমেন্ট মিউজিক, সায়েন্স, সোশ্যাল সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন। গ্র্যাজুয়েটরা বি.এড. বা, পি.পি.এড. কোর্স পাশ হলে যোগ্য। সি-টেট পাশ হলে অগ্রাধিকার পাবেন। প্রাইমারি স্তরে অন্তত ৩ বছর পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে : ইংরিজি, অঙ্ক, বিজ্ঞান, সোশ্যাল সায়েন্স, কম্পিউটার, সংস্কৃত, হিন্দি। প্রথম বা, দ্বিতীয় শ্রেণির গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। কোনো নামী স্কুলে অন্তত ৫ বছর পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে।

প্রি-প্রাইমারি টিচার নেওয়া হবে সব বিষয়ে। গ্র্যাজুয়েটরা ডি.এল.এড. বা, বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। সি-টেট পাশ হলে অগ্রাধিকার পাবেন। প্রাইমারি স্তরে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

এছাড়াও লাইব্রেরিয়ান, সায়েন্স ল্যাব ইন চার্জ, কাউন্সেলর, নার্স, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর, ট্রান্সপোর্ট বা, এস্টেট অফিসার, ফ্রন্ট ডেস্ক এক্সিকিউটিভ, ইত্যাদি পদেও ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২২ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.dpsmuzaffarpur.com আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন।

ব্যাঙ্কে ৩৫ সুইপার

১ পাতার পর

১৪,৫০০-২৮,১৪৫ টাকা।

এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। মোট শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ইডব্লুএস ৪)। এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ১।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pnbindia.in তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (২) স্কুল লিভিং সার্টিফিকেট ও স্থায়ী বাসিন্দা সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ডের প্রত্যয়িত নকল (যদি থাকে), (৪) পান কার্ড বা, আধার কার্ডের প্রত্যয়িত নকল, (৫) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন *'Application for the post of PTS at Punjab National Bank- .... Circle-A; Cat....... (UR/SC /OBC/EWS)'*, দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে, বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ১৮ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Chief Manger, HRD Dept, Punjab National Bank,Circle Office Kolkata-South, Floor No. 9., United Tower, 11, Hemanta Bose Sarani, Kolkata - 700 001.দরখাস্তের বয়ান :

পंजाब नैशनल बैंक
punjab national bank
HRD DEPARTMENT CIRCLE OFFICE : KOLKATA SOUTH
APPLICATION FOR THE POST OF PART TIME SWEEPER

PASTE RECENT PASSPORT SIZE PHOTOGRAPH

NAME		FATHER'S NAME			
DATE OF BIRTH		CASTE & RELIGION		SEX : MALE/FEMALE	
CANDIDATE CATEGORY GENERAL ☐ OBC ☐ SC ☐ ST ☐	EX-SERVICE MEN YES☐NO☐ ARMY ☐ NAVY ☐ AIRFORCE ☐	DISABLED EX-SERVICEMAN YES☐NO☐ DEPENDANT OF EX-SERVICEMAN KILLED IN ACTION YES☐NO☐	PHYSICALLY CHALLENGED YES ☐ NO ☐ Nature & % disability	EWS YES☐ NO ☐	WHETHER APPLYING UNDER RESERVATION YES NO ☐ ☐

EDUCATIONAL QUALIFICATION	HIGHEST QUALIFICATION : .... X STD ☐ BOARD MARKS% MARKS TOTAL DATE OF PASSING XII STD ☐ BOARD MARKS% MARKS TOTAL DATE OF PASSING GRADUATION ☐ BOARD MARKS% MARKS TOTAL DATE OF PASSING

WHETHER CURRENTLY PURSUING EDUCATION	YES/NO	COURSE :	INSTITUTION :
PAN NUMBER		AADHAR NUMBER	
DRIVING LICENSE NO		VOTER ID NUMBER	
LANGUAGES KNOWN	READING : ENGLISH ☐ BENGALI ☐ HINDI Any other : WRITING : ENGLISH ☐ BENGALI ☐ HINDI Any other :		
MARITAL STATUS	SINGLE/MARRIED	RATION CARD	
SPOUSE NAME		SPOUSE OCCUPATION	
ADDRESS WITH PINCODE AND PHONE/MOBILE	PIN CODE PH/MOBILE :	DISTRICT E-MAIL :	
PREV. WORK EXPERIENCE (IF ANY)			
EMPLOYMENT EXCHANGE NAME, IF REGISTERED		REG. NO	
ADDITIONAL INFORMATION			

I hereby declare that the above furnished information is true to the best of my knowledge and belief and also that I do not have any higher educational qualification other than that specified for the post.

DATE : PLACE : FULL SIGNATURE

৮৪ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা প্রথম শ্রেণির নম্বর (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় জয়েনিংয়ের সময় প্রভিশনাল সার্টিফিকেট দিতে হবে। ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ২৫,০০০ টাকা, দ্বিতীয় বছর ২৮,০০০ টাকা ও তৃতীয় বছর ৩১,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স শাখায় ১৯টি, মেকানিক্যাল শাখায় ১১টি, কম্পিউটার সায়েন্স শাখায় ৩টি।

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-। : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা প্রথম শ্রেণির নম্বর (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪০,০০০ টাকা, তৃতীয় বছর ৪৫,০০০ টাকা ও চতুর্থ বছর ৫০,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স শাখায় ৩৬টি, মেকানিক্যাল শাখায় ৮টি, কম্পিউটার সায়েন্স শাখায় ৬টি, ইলেক্ট্রিক্যাল ১টি।

সব পদের বেলায় বয়স হতে হবে ৩১-১২-২০২১'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে চুক্তিতে হায়দরাবাদ ইউনিটে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর (৭৫ নম্বর), পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা (১০ নম্বর) আর ইন্টারভিউয়ে (১৫ নম্বর) নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.bel-india.in তখন সঙ্গে দেবেন : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (খ) অভিজ্ঞতার সার্টিফিকেট, (গ) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের ফটো রঙিন ফটো, (ঘ) ফী পেমেন্ট চালান (ট্রেনি ইঞ্জিনিয়ার-। পদের বেলায় ২০০ টাকার আর প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-। পদের বেলায় ৫০০ টাকা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন)। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত ডাকে পাঠাবেন ৩১ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Dy. General Manager (HR), Bharat Electronics Limited, I.E. Nacharam, Hyderabad - 500076, Telangana State.

@bettersolution4u

চাকরির টুকরো খবর

ইয়াং প্রফেশনাল

পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট বিভাগ ইয়াং প্রফেশনাল পদে কিছু লোক নিচ্ছে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। দরখাস্ত করার শেষ তারিখ ২ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pbssd.gov.in

হসপিটাল সুপারিন্টেন্ডেন্ট

নর্থ দমদম মিউনিসিপ্যালিটি হসপিটাল সুপারিন্টেন্ডেন্ট পদে লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.northdumdummunicipality.org

রাজ্যে ৪৮৬টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত মন্ত্রিসভায়

রাজ্যের পঞ্চায়েত দফতর-সহ অন্যান্য দফতরে ৪৩৭টি নতুন শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিল রাজ্য মন্ত্রিসভা। ৯ ডিসেম্বর রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ঠিক হয় পঞ্চায়েত দফতরে বিভিন্ন পদে ৪৩৭টি ও নারী ও শিশুকল্যাণ দফতরের কন্যাশ্রী প্রকল্পের অধীনে কল্যাণী, বানারহাট ও ক্রান্তি ব্লকে ডাটা ম্যানেজার পদে বেশ কিছু শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সব মিলিয়ে মোট ৪৮৬টি শূন্যপদের জন্য নতুন করে বিজ্ঞপ্তি বেরোবে ২০২২ সালের প্রথম দিকে।

পশ্চিমবঙ্গ মেডিক্যাল সার্ভিসে ১১ চাকরি

ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল সার্ভিসেস কর্পোরেশন লিমিটেড অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)-২ জন, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)-১ জন, বি.এম.ই. -১ জন, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) ২ জন, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)-১ জন, ডাটা এন্ট্রি অপারেটর পদে ৪ জন লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbmsc.gov.in, www.wbhealth.gov.in

অ্যাটেন্ড্যান্ট ও অপারেটর

কলকাতার এস.এন.বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সায়েন্সেসে অ্যাটেন্ড্যান্ট ও পাম্প অপারেটর পদে লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://newwebbose.res.in

পুরসভায় চাকরি

বহরমপুর মিউনিসিপ্যালিটি পি.টি.এম.ও পদে ৩ জন লোক নিচ্ছে। বয়স হতে হবে ৬২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৪,০০০ টাকা। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.berhamporemunicipality.org.in

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ANM নার্সিং কোর্স। আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর, : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭, ৯০৫১০২৪৪৪৮। মৌলালী : ৯৮৭৪৭৪৭০৩৯, ৯৮৩০০০৮২২৩, বাঘাযতীন : ৯৮৭৪৬৪৪১১২, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩০, পশ্চিম মেদিনীপুর : ৯০৭৩৯১৫৮৬১, মালদা : ৯০৫১০১৩৫০১, রায়গঞ্জ : ৯৮৭৪৬৪৪১১৩, বালুরঘাট : ৯৮৭৪৭৪৭০৩২, শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফী সকলের সাধ্যের মধ্যে। ANM নার্সিং কোর্সের আবেদন পত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।

২২ টেক. অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা : সি.এস.আই.আর. -সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ২২ জন লোক নিচ্ছে। ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। এই পদের বিজ্ঞপ্তি নং ০৪/২০২১।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.cmeri.res.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

৬৪১ টেকনিশিয়ান

১ পাতার পর

হতে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং : 1-1/2021Rectt Cell/Technician

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয় : (১) জেনারেল নলেজ - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) সায়েন্স - ২৫ নম্বর, (৪) সোশ্যাল সায়েন্স ২৫ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ ডিসেম্বর থেকে ১০ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iari.res.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। তখন পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

শিক্ষান্তে কর্মসংস্থানের সুবর্ণ সুযোগ
সর্বপ্রথম পূর্বভারতে সরকার স্বীকৃত
ডিপ্লোমা ইন ফায়ার এন্ড ইন্ডাস্ট্রিয়াল সেফটি
[(১০+২) পাশ ছাত্ররা ভর্তির সুযোগ পাবেন]
সময় - ১ বৎসর, সেশন - জানুয়ারী ২০২২, ফি - ২৫০০০ টাকা
ভারতের সর্বত্র ও বিদেশে এবং সরকারি ক্ষেত্রে চাকুরীর সহায়তা করা হয়।
Pristine Skill Power Pvt. Ltd. (PSP)
in collaboration with
Maulana Abul Kalam Azad University Of Technology (MAKAUT)
Campus- Vidyasagar Pally, Podrah, Andul Road
Howrah - 711 109
-8336918288 /8100635449 /9830262296
www.pristineskillpower.com
সুযোগ্য প্রার্থীদের স্কলারশিপের সুযোগ আছে

সংশোধন

কেন্দ্রীয় সরকারি সংস্থা এন.বি.সি.সি. (ইন্ডিয়া) লিমিটেডে ম্যানেজমেন্ট ট্রেনি পদের যে খবর গত সংখ্যায় বেরিয়েছিল, তাতে শূন্যপদ ৩৫'এর বদলে ৫৫ পড়তে হবে।

Since 2009
CAREER DOT COM
WALK-IN-INTERVIEW
Career Dot Com an authorized admission Centre of some Institutions and Pioneer in Nursing in Programs invites application from interested candidates for the following post —
• Marketing Executive
• Counselor
Job Location : Candidates Own District.
Eligibility : Under Graduate / Graduate with experience of more than 2 years. Fresher can also apply.
Salary : Negotiable with attractive Incentive.
E-mail : janasasankasekhar223@gmail.com
Date & Time : 20th & 21th December 2021
Venue : B/4, Mohana Commercial Market Complex, Haldia Township, Purba Medinipur, 7121607. Office of Career Dot Com.
Note : Please carry your 3 months salary slip Academics Certificates and Aadhar Card copy along with your resume

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Bank, Rail, Staff Selection, PSC, Police, TET
Smart Combined
for an individual Exam
Interview & Personality Grooming
জিএসসিই-র আধিকারিকবৃন্দ শ্রী অভিজিত কুন্ডু, শ্রী অয়ন সরকার ও শ্রী হরনাথ দাস সকল কেন্দ্র নিয়মিত পরিদর্শন করছেন ও বিশেষ মোটিভেশনাল ক্লাস নিচ্ছেন। কীভাবে প্রস্তুতি নিলে সরকারি চাকরি একচান্সেই পাওয়া যায় সে বিষয়ে তাঁরা বিভিন্ন টিপস আলোচনা করছেন। এই গুরুত্বপূর্ণ ফ্রি সেমিনারে উপস্থিত থাকতে নাম নথিভুক্ত করার জন্য ছাত্রছাত্রীদের বাড়ীর কাছের জিএসসিই কেন্দ্রে আজই যোগাযোগ করতে বলা হচ্ছে।
শিক্ষাগত যোগ্যতা ও বয়স অনুযায়ী সরকারী চাকরি পাওয়ার সুযোগ জিএসসিই-তে
Both Offline & Online Facilities available
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র
শিয়ালদহ (HO) : [9674087465, 9230056675 9051040306]

কোচবিহার	9830277023
আলিপুরদুয়ার	9674033336
দিনহাটা	9830277698
জলপাইগুড়ি	9674025600
ধূপগুড়ি	9830277257
শিলিগুড়ি	9674087473
কালিম্পং	9830277171
মালদা	9674087472
বহরমপুর	9674087471
কৃষ্ণনগর	9674087470
রানাঘাট	9674083508
কল্যাণী	9674087469
ব্যারাকপুর	9230056668
ডানলপ	9230056673
বারাসাত	9674087467
কোন্নগর	9230056667
সোনারপুর	9674087466
পঃ মেদিনীপুর	9230056671
ঝাড়গ্রাম	9674087874
বর্ধমান	9674025700
বোলপুর	9674012025
ব্যান্ডেল	9230056669
কাটোয়া	9830277230

101 GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

NETAJI SUBHAS OPEN UNIVERSITY
ESTABLISHED BY W.B.ACT (XIX) OF 1997, Recognized by U.G.C.
Accredited by NAAC with Grade 'A'
DD-26, Sector-I, Salt Lake, Kolkata-64
Ph-033 4066 3220/ 4058 5127, Website: www.wbnsou.ac.in

Admission Notice (January 2022 session)
Blended Vocational Education and Training (VET) programme

(A) Courses under SVS
(1) Pre-Primary Teachers' Education-Montessori
(2) Fire Safety & Security Management
(3) Psychological Counselling
(4) Needle Work and Knitting
(5) Applied Yoga & Naturopathy
(6) Tailoring & Dress Designing
(B) Courses under CLL
(1) Beauty Therapy and Hair Dressing
(2) Land Survey
(3) Disaster Risk Management
(4) Yoga Education
(5) Hospitality and Restaurant Management
(6) Visual Arts in (i) Painting (ii) Applied Art (iii) Graphic Design
(7) Stress Management with Meditation
(8) Entrepreneurship Development
(9) Travel & Tourism
(10) Export-Import Management
(11) e-Accounting & Taxation with GST
(12) Solar electric Installation
(13) Packaging Management
(14) Health Care Management
(15) Community Respiratory Care Assistants
(16) Assisting Respiratory Specialists in Practice
(17) Business Administration
(18) Hospitality Management
(19) Tourism Management
(20) Interior Designing
(21) Fashion Designing
(22) Project and Infrastructure Management
(23) Organic Agriculture & Horticulture
(24) Art & Craft
(25) Supervisory Skills for Front Line Assistant
(26) Automobile Technician (2/3 Wheeler)
(27) Mobile Phone Repairing
(28) Human Rights
(29) Childhood and Adolescent Counselling
(30) Family Counselling
(31) Medicine Shop Assistants
(32) Pharmacology Management

Applications are invited for admission in to the above Advanced Diploma/ Diploma/ Certificate/ short-term training programmes for January 2022 session. For detailed information (duration, course fees, eligibility and study centre) please log on www.wbnsou.ac.in
Director (i/c), SVS-NSOU

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

সাধারণ বিজ্ঞান

১। অনশনকালে শর্করা বিপাক ব্যাহত হলে মূত্রে কী পাওয়া যাবে — কিটোন বডি।

২। দুধের কেসিন রাসায়নিকভাবে কী জাতীয় — প্রোটিন।

৩। কিছুক্ষণের জন্য শ্বাসক্রিয়া বন্ধ থাকাকে কী বলে — অ্যাপনিয়া।

৪। রক্তে কার্বন ডাই অক্সাইড বাড়লে শ্বাসক্রিয়া কেমন হয় — বাড়ে।

৫। প্রাণীর দেহের কঠিনতম পদার্থ কী — এনামেল।

৬। বৃক্কের পাথর মূলত কী — অক্সালেটের কেলাস।

৭। মদ্যপ ব্যক্তির লালারসে কোন উপাদান রেচিত হয় — ইথানল।

৮। লবণে কোন দুটি উপাদান থাকে — দ্রাব ও দ্রাবক।

৯। থার্মিট পদ্ধতিতে লোহার ভাঙা অংশ জোড়া দিতে কোন ধাতু লাগে — অ্যালুমিনিয়াম।

১০। 'অশ্বশক্তি' কথাটি সর্বপ্রথম কে ব্যবহার করেন — জেমস ওয়াট।

ইতিহাস

১১। আরবের ভারত আগ্রাসনের সময় সিন্ধের রাজা কে ছিলেন — দাহির।

১২। পৃথ্বীরাজের ছেলের নাম কী — বিজয়চন্দ্র।

১৩। বাহাদুর শাহকে বিদ্রূপ করে কী বলা হত — শাহ-ই-বেখবর।

১৪। মির্জা আসাদ-উল-লাহ খাঁ গালিব কোন সম্রাটের সভাকবি ছিলেন — বাহাদুর শাহ জাফর।

১৫। কোন যুদ্ধে পরাজিত হয়ে হুমায়ুন ভারত ছাড়েন — কনৌজের যুদ্ধ।

১৬। মার্কোপোলো কত সালে ভারতে

আসেন — ১২৯৮ সালে।

১৭। কোন মোগল সম্রাটের আমলে অঙ্কন শিল্পের বিকাশ সর্বোত্তম হয় — নুর-উদ-দীন জাহাঙ্গীর।

১৮। কুষাণ বংশের শেষ রাজা কে — বাসুদেব।

১৯। উজ্জয়িনী কোন সম্রাটের রাজধানী ছিল — দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

২০। বিজয়নগর রাজ্যের প্রতিষ্ঠাতা কে — হরিহর।

ভূগোল

২১। ভারতের কোন রাজ্যে সাইলেন্ট ভ্যালি আছে — কেরালায়।

২২। 'পিপলস স্কোয়ার' কোথায় আছে — চিনের সাংহাই শহরে।

২৩। ভারতের সঙ্গে ভুটানের সংযোগকারী সীমান্ত শহর কোনটি — ফুন্টশিলিং।

২৪। ভারতের কোন মশলা সবচেয়ে দামি — জাফরান (কাশ্মীরে চাষ হয়)।

২৫। কোন পর্বতকে 'জাপানি আল্পস' বলে — হিডা পর্বত।

২৬। 'ওপেল' কী — প্রবাল ও সামুদ্রিক প্রাণীর সঞ্চিত দেহজাত বালুকণা।

২৭। কোন বন্দরের মাধ্যমে ভারতে সর্বাধিক চা রপ্তানি হয় — কলকাতা বন্দর।

২৮। জিপসাম খনিজটি কী কাজে ব্যবহৃত হয় — সিমেন্ট ও প্লাস্টার অফ প্যারিস তৈরির কাজে।

২৯। ফরাক্কা বাঁধ কোন দুটি নদীর জল নিয়ন্ত্রণ করে — গঙ্গা ও পদ্মা।

৩০। গ্র্যান্ড ব্যাঙ্ক মগ্নচড়া কোন মহাসাগরে দেখা যায় — আটলান্টিক মহাসাগরে।

রাষ্ট্রনীতি

৩১। দিল্লি কবে 'জাতীয় রাজধানী অঞ্চল' হিসাবে আখ্যায়িত হয় — ১৯৯১ সালে।

৩২। কেন্দ্র-রাজ্য সম্পর্ক সংবিধানের কোন অধ্যায়ে আছে — একাদশ অধ্যায়।

৩৩। কে সারা ভারতে আপৎকালীন অবস্থা জারি করতে পারেন — রাষ্ট্রপতি।

৩৪। লোকসভায় গিলোটিন পদ্ধতি কে প্রয়োগ করেন — অধ্যক্ষ।

৩৫। নির্ণায়ক ভোট কে দেন — অধ্যক্ষ।

৩৬। সংবিধানের কোন ধারায় অনগ্রসর শ্রেণির জন্য কমিশন নিয়োগের কথা বলা হয়েছে — ৩৪০ নম্বর।

৩৭। কোনো নাগরিক তার মৌলিক অধিকার কীভাবে সুরক্ষিত করতে পারেন — ভারতীয় সুপ্রিম কোর্টে লিখিতভাবে জানিয়ে।

৩৮। রাজ্যপালের মাইনে ও ভাতা কীভাবে স্থির হয় — সংসদে আইন করে স্থির হয়।

৩৯। রাষ্ট্রপতির বিরুদ্ধে 'ভর্ৎসনা' সংসদের কোন কক্ষে তুলতে হয় — রাজ্যসভা বা লোকসভায়।

৪০। সুপ্রিম কোর্টের বিচারপতিদের মাইনে কখন কমানো যায় — জরুরি অবস্থার সময়।

অর্থনীতি

৪১। বিশ্বের জনপ্রিয় মাইক্রো ব্লগিং সাইট 'Twitter'এর চিফ এক্সিকিউটিভ

অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতের পরাগ আগরওয়াল।

৪২। বিপিন সন্ধী সম্প্রতি কোন কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার পদ থেকে পদত্যাগ করলেন — অশোক লেল্যান্ড।

৪৩। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়তে, কোন দেশ ভারতকে ১.২ বিলিয়ন ইউরো আর্থিক সাহায্য করছে — জার্মানি।

৪৪। করোনা টিকা কেনার জন্য, 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' সম্প্রতি ভারতকে মোট ক'ত টাকা ঋণ দিল — ১.৫ বিলিয়ন ডলার।

৪৫। ইউপিআই পেমেন্ট পরিষেবা দিতে, কোন ব্যাঙ্ক সম্প্রতি 'আমাজন পে'র সঙ্গে অংশীদারিত্ব গড়ল — ইয়েস ব্যাঙ্ক।

সাম্প্রতিক ঘটনা

৪৬। 'India vs UK : The Story of an Unprecedented Diplomatic Win' বইটির লেখক কে — ভারতীয় কূটনীতিবিদ সৈয়দ আকবরউদ্দিন।

৪৭। 'Resolved : Uniting Nations in a Divided World' বইটি কার আত্মজীবনী — রাষ্ট্রসঙ্ঘের প্রাক্তন সেক্রেটারি-জেনারেল বান কি মুন।

৪৮। 'Cooking to Save Your Life' বইটির লেখক কে — 'নোবেল' পুরস্কারজয়ী ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি অর্থনীতিবিদ অভিজিৎ বন্দ্যোপাধ্যায়।

৪৯। 'বৈতা বন্দনা' উৎসব ভারতের কোন রাজ্যে পালিত হয় — ওড়িশা।

৫০। 'Lal Salaam : A Novel' উপন্যাসটির লেখক কে — কেন্দ্রীয় ও নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী স্মৃতি জুবিন ইরানি।

৫১। চেক রিপাব্লিকের প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — পেত্র ফিয়ালা।

৫২। 'ইন্ডিয়ান মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশন'এর প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — উত্তরাখণ্ডের বিখ্যাত পর্বতারোহী হর্ষবন্তি বিষ্ট।

৫৩। সম্প্রতি প্রয়াত চুন ডো-হোয়ান (৯০ বছর) কোন দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ছিলেন — দক্ষিণ কোরিয়া।

৫৪। ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি প্রদর্শন করতে, ভারতীয় রেল মোট ক'টি থিম ভিত্তিক 'ভারত গৌরব' ট্রেন চালানোর সিদ্ধান্ত নিল — ১৯০টি।

৫৫। কোন মহাকাশ গবেষণা সংস্থা সম্প্রতি ইচ্ছাকৃতভাবে একটি মহাকাশযান বিধ্বস্ত করে একটি গ্রহাণুর পথ পরিবর্তন করার জন্য 'DART' (ডাবল অ্যাস্টেরয়েড রিডাইরেকশন টেস্ট) নামে নতুন ধরনের মিশন চালু করল — মার্কিন মহাকাশ সংস্থা 'নাসা'।

৫৬। ইন্দোরের 'পাটালপানি রেলওয়ে স্টেশন'এর নতুন নাম কী — তাঁতিয়া মামা রেলওয়ে স্টেশন (আদিবাসী আইকন তাঁতিয়া ভিলের সম্মানে এই নাম বদল করা হয়েছে)।

৫৭। কোন দেশ সম্প্রতি যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে, আনুষ্ঠানিকভাবে 'নিউক্লিয়ার পাওয়ারড সাবমেরিন ডিফেন্স অ্যালিয়্যান্স'এর অংশ হল — অস্ট্রেলিয়া।

৫৮। ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'রানি গাইদিনলিউ ট্রাইবাল ফ্রিডম ফাইটার্স মিউজিয়াম'এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে — মণিপুর।

৫৯। ২০২১ সালে কে 'টাটা লিটারেচার লাইভ! জীবনকৃতি সম্মান' পেলেন — ভারতীয় ঔপন্যাসিক অনিতা দেশাই (৫০ বছরেরও বেশি সময় ধরে দীর্ঘ সাহিত্যিক কর্মজীবনের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬০। ২০২১-'২২ সালে ভারতের কোন রাজ্যকে সম্প্রতি দেশের সেরা সামুদ্রিক রাজ্য হিসাবে চিহ্নিত করল মৎস্য দফতর — আন্ধ্রা প্রদেশ।

৬১। কে সম্প্রতি প্রথম ভারতীয় হিসাবে, সম্মানজনক খেতাব 'নাইটহুড অফ পার্ট গুয়েলফা' পেলেন — ড. সোহন রায়

(ব্যবসা আর চলচ্চিত্রে তাঁর মানবিক ও পরিবেশ সুরক্ষা প্রচেষ্টার জন্য এই সম্মান পেলেন তিনি)।

৬২। কোন দেশ সম্প্রতি বিশ্বের প্রথম 'বিটকয়েন শহর' তৈরির পরিকল্পনার কথা ঘোষণা করেছে — এল সালভাদোর।

৬৩। কোন দেশের সঙ্গীতশিল্পীরা সম্প্রতি ৫ মিনিটেরও বেশি সময় ধরে, একসঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়ে, বিশ্বের বৃহত্তম অর্কেস্ট্রা স্থাপন করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল — ভেনেজুয়েলা (৮,৫৭৩ জন সঙ্গীতশিল্পী একসঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়েছেন)।

৬৪। সুদানের প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আবদাল্লা হামদোক।

৬৫। নয়াদিল্লিতে, কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক আয়োজিত 'স্বচ্ছ অমৃত মহোৎসব'এ 'স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার ২০২১'এ, কোন শহর সম্প্রতি টানা পঞ্চমবার ভারতের সবথেকে পরিচ্ছন্ন শহরের স্বীকৃতি পেল — মধ্য প্রদেশের ইন্দোর।

৬৬। কোন ভারতীয় সম্প্রতি 'ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন'এর এক্সিকিউটিভ

কমিটিতে এশিয়ার প্রতিনিধি হিসাবে মনোনীত হলেন — সিবিআই স্পেশাল ডিরেক্টর প্রবীণ সিনহা।

৬৭। কে সম্প্রতি পশ্চিমবঙ্গে প্রথম জিআরপি'তে ওসি'র দায়িত্ব নিলেন — রুপসিনা পারভিন।

৬৮। 'সেন্ট্রাল বোর্ড অফ ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বিবেক জহরি।

৬৯। ইউক্রেনে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — হর্ষ কুমার জৈন।

৭০। ভারতের কোন রাজ্যে, বিশ্বের উচ্চতম রেলওয়ে সেতু তৈরি হতে চলেছে — মণিপুর।

৭১। ভারতের কোন রাজ্যে 'সাগর শক্তি' নামে সেনা অনুশীলন অনুষ্ঠিত হয়েছে — গুজরাত।

৭২। মার্কিন যুক্তরাষ্ট্রে, পাক-ই-স্তানের রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মাসুদ খান।

৭৩। 'ওমিক্রন' নামে করোনা ভাইরাসের প্রজাতিটি কোন দেশে প্রথম লক্ষ্য করা গেছে — দক্ষিণ আফ্রিকা।

৭৪। ভারতীয় সেনাবাহিনী সম্প্রতি কোথায় 'দক্ষিণ শক্তি' নামে সেনা অনুশীলন অনুষ্ঠিত করল — রাজস্থানের জয়সলমির।

৭৫। 'কলিন্স ডিকশনারি'র বিচারে, ২০২১ সালের 'বর্ষসেরা শব্দ' হিসাবে নির্বাচিত হল কোন শব্দ — NFT (NFT হল 'নন-ফাঞ্জিবল টোকেন'। কলিন্স ডিকশনারি অনুসারে, NFT'কে একটি অনন্য ডিজিটাল সার্টিফিকেট সংজ্ঞায়িত করা হয়)।

৭৬। সম্প্রতি 'ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি'তে ভারত কত বছরের জন্য নির্বাচিত হল — ৪ বছর (২০২১-'২৫ পর্যন্ত)।

৭৭। 'ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সংযুক্ত আরব আমিরশাহীর ইন্সপেক্টর জেনারেল আহমেদ নাসের আল-রাইসি।

৭৮। কী নামে ভারতের চতুর্থ স্করপেন সাবমেরিনটি লঞ্চ করল ভারতীয় নৌবাহিনী — আইএনএস ভেলা (আগের ৩টি সাবমেরিন হল : আইএনএস কলভরি, আইএনএস খান্দেরি ও আইএনএস করঞ্জ)।

খেলাধুলা

৭৯। কে সম্প্রতি সার্বিয়ায় অনুষ্ঠিত, পঞ্চম 'রুজনা জ্রোরা নবা টুর্নামেন্ট' জিতলেন — ভারতীয় গ্র্যান্ডমাস্টার পনিরসেলভাম ইনিয়ান।

৮০। সম্প্রতি প্রয়াত অ্যালান ডেভিডসন (৯২ বছর) কোন দেশের কিংবদন্তি ক্রিকেটার ছিলেন — অস্ট্রেলিয়া।

৮১। ২০২১ সালে ভিয়েনা ওপেনে পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — জার্মান টেনিস তারকা আলেকজান্ডার জেরেভ।

৮২। ২০২১ সালে কোন দেশ 'টোয়েন্টি-২০ বিশ্বকাপ' জিতল — অস্ট্রেলিয়া (নিউজিল্যান্ডকে হারিয়ে)।

৮৩। ২০২২ সালে বার্মিংহাম কমনওয়েলথ গেমসে কোন খেলা প্রথমবার অন্তর্ভুক্ত হতে চলেছে — মহিলা ক্রিকেট (এটি টোয়েন্টি-২০ ফরম্যাটে অনুষ্ঠিত হবে)।

৮৪। কোথায় সম্প্রতি ভারতের প্রথম 'জাতীয় যোগাসন ক্রীড়া চ্যাম্পিয়নশিপ' আয়োজন করা হয়েছে — ওড়িশার ভুবনেশ্বর।

৮৫। ভারতের ৭২ তম দাবা গ্র্যান্ডমাস্টার কে — কলকাতার বাসিন্দা মিত্রাভ গুহ।

৮৬। কে সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত ৩৭ তম মাস্টার্স খেতাব জিতলেন — সার্বিয়ার নোভাক জকোভিচ।

৮৭। ২০২১ সালে আইএসএসএফ প্রেসিডেন্টস কাপে ভারত মোট ক'টি পদক পেয়েছে — ৫টি (যার মধ্যে ২টি সোনার পদক, ২টি রুপোর পদক ও ১টি ব্রঞ্জ পদক)।

৮৮। ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমির প্রধান হিসাবে সম্প্রতি কে মনোনীত

হলেন — ভাঙ্গিপুরাপু ভেঙ্কট সাইলক্ষ্মণ।

৮৯। 'আই.সি.সি'র বিচারে কে সম্প্রতি অক্টোবরের সেরা পুরুষ খেলোয়াড়ের সম্মান পেলেন — পাক-ই-স্তানের ক্রিকেটার আসিফ আলি।

৯০। 'ইন্টারন্যাশনাল জিমন্যাস্টিক্স ফেডারেশন'এর প্রেসিডেন্ট এখন কে — মোরিনারি ওয়াতানাবে।

৯১। সম্প্রতি প্রয়াত নভি কাপাডিয়া (৬৮ বছর) কোন খেলার ভাষ্যকার ছিলেন — ফুটবল।

৯২। ২০২১ সালে কে 'ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন'এর তরফ থেকে 'জীবনকৃতি সম্মান' পাচ্ছেন — প্রকাশ পাড়ুকোন।

৯৩। ২০২১ সালে বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত 'এশিয়ান তিরন্দাজি চ্যাম্পিয়নশিপ'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ৭টি (যার মধ্যে ১টি সোনার পদক, ৪টি রুপোর পদক ও ২টি ব্রঞ্জ পদক)।

• সঙ্কলক : পলি দেওয়ান

রেলে গ্রুপ 'ডি' পদের পরীক্ষা

১ পাতার পর

দক্ষিণ-পূর্ব রেল, উত্তর-সীমান্ত রেল, মধ্য রেল, পূর্ব-মধ্য রেল, উত্তর-মধ্য রেল, উত্তর-পশ্চিম রেল, পূর্ব-উপকূল রেল, দক্ষিণ-মধ্য রেল, উত্তর রেল, পশ্চিম রেল, পশ্চিম মধ্য রেল, দক্ষিণ রেল ও ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি, দক্ষিণ-পূর্ব মধ্য রেল-সহ সারা ভারতের ১৬টি রেলে ১৪টি রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে গ্রুপ-ডি পদে ১,০৩,৭৬৯টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল ২০১৯ সালের মার্চ-এপ্রিল মাস নাগাদ। করোনা পরিস্থিতির জন্য এই পরীক্ষা নিতে পারেনি রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। সারা ভারতে এই পদে দরখাস্ত জমা পড়েছিল ১ কোটি ১৫ লাখ। এর মধ্যে ফটো ও সিগনেচার

এরপর ৯ পাতায়

ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি.এম.এল.টি) কোর্সে ভর্তি

বিশেষ প্রতিনিধি : বর্তমানে বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের সংখ্যা। আর সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন হাজার হাজার সুদক্ষ ল্যাব টেকনিশিয়ানের। যেকোনো শাখায় 12th পাশ ছাত্রছাত্রীরা শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ হাসপাতাল ও ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ও সম্পূর্ণ প্লেসমেন্ট সাপোর্ট এর সুবিধা-সহ D.M.L.T সুনিশ্চিত কেরিয়ারের জন্য ভর্তি হতে পারে।

পশ্চিমবঙ্গ রাজ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) এর CCPTR এবং গুরুকুল এর যৌথ উদ্যোগে কর্মসংস্থানমুখী উপরের ২টি কোর্সে সীমিত আসনে ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন। গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, ঠিকানা : উলুবেড়িয়া, হাওড়া। ফোন : ৭০৫৯৯১৮১৮৬, ৯৮০৪৭২০৪২৫, ৯০৫১৩৫২৩৩৭। ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

কেন্দ্রীয় সংস্থায় ১২১ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ম্যানেজমেন্ট-এর ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ৯টি, কেমিক্যাল ১০টি, ইলেক্ট্রিক্যাল ৮টি, মডার্ণ অফিস ম্যানেজমেন্ট ১০টি।

দুই ট্রেডের ক্ষেত্রেই ২০১৯, ২০২০, ২০২১ সালের মধ্যে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে 'ন্যাটস' পোর্টালে নাম নথিভুক্ত করতে হবে, ২০ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in এজন্য পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগেনচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য জানতে মেল করুন এই নম্বরে : bcplapprentices@bcplindia.co.in কিংবা এই ওয়েবসাইট দেখুন : https://bcplonline.co.in

রেলের NTPC'র ফল

১ পাতার পর

ধরে ১৩৩ শিফটে নেওয়া হয়। প্রথম পর্যায়ে সফলদের এরপর দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি-।।) পরীক্ষা হবে আগামী বছর ১৪ থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১ সপ্তাহ আগে থেকে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে। এই পদে দরখাস্তকারীর সংখ্যা ছিল ১ কোটি ২৬ লাখ।

ভর্তি চলছে • 10+2 পাশ • Techno Skill Education • নবদিশা ভবিষ্যৎ • নামমাত্র খরচ

গভর্নমেন্ট ইউনিভার্সিটি কর্মমুখী প্রফেশনাল কোর্স

মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT, WB) ও ভারত সেবাশ্রম সঙ্ঘ প্রণবানন্দ ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি

Diploma & Post Graduate Courses | শিক্ষা • সেবা • স্বনির্ভরতা ISO 29990-9001 Certified

1. Physiotherapy Technology
2. Eye (Vision) Technician
3. Heathcare Technology Management
4. Animal Farm Technology Management
5. Fashion Design Technology Management
6. Naturopathy Yoga Wellness Management

Study Centres • Ballygunge • Maniktala • Lake Town • Barrackpur • Khatra Bankura • Kalyani Nadia • Durgapur

Admission Online : 9331256934 / 9830216056

www.pimtonline.in • Mail:pimtonline@gmail.com

Jadavpur University

Clinical Research Centre (CRC)

In Collaboration with **Amri Hospital, Kolkata** announces Certificate Course in "**Pharmacovisilence in Clinical Research**".

Duration : 9 months,

Eligibility : Graduate (Science) and Above.

Last Date of Application 14 January 2022.

100% Job Assistance.

Cont. : **9088401354**

সরকারী স্বীকৃত স্বাস্থ্য পরিষেবা কোর্স করুন ও চাকরি পান

উচ্চ মাধ্যমিক যোগ্যতায় **Sanitary Inspector** ও মাধ্যমিক যোগ্যতায় CMS, DMLT, TB ও SWM (6 মাস) কোর্স (Practical ও Internship সহযোগে) অন লাইন ক্লাসের সুবিধা। শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে যেমন রেল, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), ডিভিসি ও প্যাথোলজিকেল ল্যাব।

ভর্তি চলছে

IIHT | 226 B. B. Ganguly Street, Bowbazar, Kol-12

7003224427, 9836396734, 8017040262

Website : www.iiht.in | 10 AM to 6 PM

প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২১ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500

কৃষ্ণনগর : 9434900700

Diploma in Medical Laboratory Technology (D.M.L.T) রাজ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (MAKAUT)

মেডিক্যাল ও হেল্থ সেক্টরে সুদক্ষ প্রফেশনালদের চাকরি খুঁজতে হয় না, চাকরিই এদের খুঁজে নেয়। বর্তমানে বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের সংখ্যা। আর সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন হাজার হাজার সুদক্ষ মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্টদের। 12th পাশ ছাত্রছাত্রীরা শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ হাসপাতালে ট্রেনিং ও অপরিসীম প্লেসমেন্ট এর সুবিধা-সহ কর্মসংস্থানমুখী এই কোর্সে সীমিত আসনে ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন।

Gurukul Edutech Education & Research Foundation, Uluberia, Howrah

9804720425, 7059918186, 9051352337

www.gurukulinstitute.org.in

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট

৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।

তাহেরপুর, নদীয়া

প্রতিষ্ঠাতা **আচার্য ভবদেব** (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর

রেলের গ্রুপ 'ডি' পরীক্ষা শুরু ২৩ ফেব্রুয়ারি

নামমাত্র খরচে মাত্র ২ মাসের ক্র্যাশ কোর্স করে এক সুযোগেই গ্যারান্টি সহকারে পাশ করুন

W.B.C.S, Combined কোর্সে নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে।

I.A.S, I.P.S, I.F.S পরীক্ষা বাংলায় দিন। বাংলা **Optional** নিন। বাংলায় ইন্টারভিউ দিয়ে **I.A.S, I.P.S, I.F.S** ও **Allied** সার্ভিস পাশ করুন।

আশ্রমিক কার্যালয় : তাহেরপুর (নদিয়া)

9775172089, 8536920172, 9474764885

শাখা — কল্যাণী : 9641095223 [স্কুল সার্ভিস TET (New Syl.), SLST], গোবরডাঙা : 9434971067, বেথুয়াডহরী : 9641095223, নহাটা : 6294850223, বসিরহাট : 9907115309

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ কোচিং সেন্টার মানেই ১৯৮১ সালে আচার্য ভবদেব কর্তৃক প্রতিষ্ঠিত ৪০ বছর ধরে একইভাবে সমাদৃত, অদ্বিতীয় বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান। আমাদের দেখুন ইউ টিউবে : kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb

YouTube www.kabitakutir.org

তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৪ ডিসেম্বর সংখ্যার পর

১৬ নভেম্বর : লাদাখের জন্য একটি নতুন রাজ্য সৈনিক বোর্ডের অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। এই বোর্ডটি কেন্দ্র ও লাদাখ প্রশাসনের মধ্যে সংযোগ রক্ষা করবে। প্রাক্তন সৈনিক, যুদ্ধজনিত কারণে যাঁরা বিধবা হয়েছেন, অ-যোদ্ধা, সেবারত সৈন্য ও তাঁদের ওপর নির্ভরশীলদের সঙ্গে সম্পর্কিত বিষয়ে একটি উপদেষ্টা ভূমিকা পালন করবে এই রাজ্য সৈনিক বোর্ড। লেহ ও কার্গিলের জেলা সৈনিক কল্যাণ অফিস, এই রাজ্য সৈনিক বোর্ডের অধীনে কাজ করবে।

❑ মহারাষ্ট্রে মুসলিম এলাকায় করোনা টিকাকরণ অভিযানের জন্য টিকা প্রচারদূত হিসাবে মনোনীত হলেন বলিউড অভিনেতা সলমন খান।

আই.সি.সি পুরুষদের ক্রিকেট কমিটির চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন সৌরভ গঙ্গোপাধ্যায়।

❑ 'ইউনাইটেড নেশনস ওয়ার্ল্ড ট্যুরিজম অর্গানাইজেশন'এর তরফ থেকে, 'সেরা পর্যটন গ্রাম' হিসাবে মনোনীত হল তেলেঙ্গানার ইয়াদাদ্রি ভুবনগিরি জেলার পচামপল্লী গ্রাম। বিখ্যাত হাতে বোনা 'ইকাত' শাড়ির জন্য বিখ্যাত এই গ্রাম। সেরা পর্যটন গ্রামগুলির লক্ষ্য, সেইসব গ্রামকে পুরস্কৃত করা, যেগুলি গ্রামীণ গন্তব্যের অসামান্য উদাহরণ।

❑ কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখের উমলিংলা পাসে, বিশ্বের সর্বোচ্চ মোটরযান চলাচলযোগ্য রাস্তা তৈরি ও কালো করার জন্য 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড'এর শংসাপত্র পেল 'বর্ডার রোডস অর্গানাইজেশন'। ১৯,০২৪ ফুট ০.৭৩ ইঞ্চি উচ্চতাবিশিষ্ট ও ৫২ কিলোমিটার দীর্ঘ, চিসুমলে থেকে ডেমচক টারমাক রাস্তাটি 'বি.আর.ও'এর 'HIMANK' (93RCC/753 BRTF) প্রকল্পের অধীনে তৈরি করা হয়েছিল।

❑ ২০২১-'২৫ মেয়াদের জন্য, 'ইউনেস্কো'র এক্সিকিউটিভ বোর্ডে পুনর্নির্বাচিত হল ভারত। এজন্য ১৬৪টি ভোট পেয়েছে ভারত। ভারত ছাড়াও, জাপান, ফিলিপিন্স, ভিয়েতনাম, কুক আইল্যান্ড ও চিন গ্রুপ IV এশিয়ান ও প্যাসিফিক স্টেট ক্যাটেগরিতে নির্বাচিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ইউনেস্কোর এক্সিকিউটিভ বোর্ড ৫৮টি সদস্য দেশ নিয়ে গঠিত, যার প্রত্যেকটির মেয়াদ ৪ বছর।

❑ ভারতে ফুটবলের প্রচার ও সমর্থনের জন্য, 'টাটা স্টিল'এর সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান 'জামশেদপুর ফুটবল ক্লাব'এর সঙ্গে কৌশলগত চুক্তি স্বাক্ষর করল ভারতীয় স্টেট ব্যাঙ্ক। ফুটবল খেলায় এস.বি.আই'এর এই ধরনের প্রথম চুক্তি এটি। এই চুক্তি অনুযায়ী, 'জামশেদপুর ফুটবল ক্লাব'এর অন্যতম প্রধান স্পন্সর হবে এস.বি.আই, যার ফলে ওই ক্লাবের জার্সিতে থাকবে এস.বি.আই'এর লোগো।

১৭ নভেম্বর : সব মাছ চাষ স্টার্ট আপকে প্রতিপালন করার উদ্দেশ্যে, হরিয়ানার গুরুগ্রামে চালু হল ভারতের প্রথম ফিশারিজ বিজনেস ইনকিউবেটার সেন্টার। এই ইনকিউবেটারটি 'LINAC – NCDC Fisheries Business Incubation Centre' নামে পরিচিত। কেন্দ্রীয় সরকারের 'প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'র আওতায়, ৩.২৩ কোটি টাকায় এই কেন্দ্রটি স্থাপিত হয়েছে। এই সেন্টারটি বাস্তবায়ন করেছে 'ন্যাশনাল কোঅপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন'।

এবিইউ-ইউনেস্কো পিস মিডিয়া পুরস্কার

মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত হল এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন-ইউনেস্কো পিস মিডিয়া পুরস্কার। এই পুরস্কার অনুষ্ঠানে পুরস্কৃত হল 'দূরদর্শন' ও 'অল ইন্ডিয়া রেডিও'।

কোন কোন প্রোগ্রাম এই পুরস্কার পেয়েছে?

❑ 'লিভিং ওয়েল উইথ সুপার ডাইভার্সিটি' বিভাগের অধীনে, 'দূরদর্শন'এর 'DEAFinitely Leading the Way' প্রোগ্রাম এই পুরস্কার জিতেছে। এই প্রোগ্রামের বিষয়বস্তু হল : বিশেষভাবে অক্ষম শিশুদের অনুপ্রেরণামূলক যাত্রা। এই প্রোগ্রামের উদ্দেশ্য হল, বিশেষভাবে অক্ষম ব্যক্তিদের মর্যাদার সঙ্গে জীবনযাপন করতে অনুপ্রাণিত করা। প্রোগ্রামটি প্রযোজনা ও পরিচালনা করেন দূরদর্শন দিল্লির প্রোগ্রাম এক্সিকিউটিভ প্রদীপ অগ্নিহোত্রী।

❑ 'এথিক্যাল অ্যান্ড সাসটেইনেবল রিলেশনশিপ উইথ নেচার' বিভাগের অধীনে, 'অল ইন্ডিয়া রেডিও'র 'Living on the edge – The Coastal Lives' প্রোগ্রাম এই পুরস্কার জিতেছে। অল ইন্ডিয়া রেডিওর এই সিরিজটির বিষয়বস্তু হল : যাঁরা মাছ ধরেন, এমন সম্প্রদায়ের মানুষদের জীবন অন্বেষণ করা, বিশেষত যাঁরা বিশাখাপত্তনমের প্রান্তে বাস করেন। সিরিজটি প্রণয়ন ও প্রযোজনা করেন অল ইন্ডিয়া রেডিও দিল্লির প্রোগ্রাম এক্সিকিউটিভ মনিকা গুলাটি।

❑ ২০২৫ সালে পঞ্চম 'এশিয়ান যুব প্যারা গেমস' আয়োজিত হবে উজবেক-ই-স্তানের রাজধানী শহর তাশকেন্টে। এই প্রথমবারের মতো 'এশিয়ান যুব গেমস ২০২৫' ও 'এশিয়ান যুব প্যারা গেমস ২০২৫' একই শহরে ও একই স্থানে অনুষ্ঠিত হতে চলেছে।

❑ এস্তোনিয়ার অ্যানেট কন্টাভিটকে ৬-৩ ও ৭-৫ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'ডব্লুটিএ ফাইনালস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন স্পেনের গার্বিন মুগুরুজা। প্রথম স্পেনীয় টেনিস তারকা হিসাবে ডব্লুটিএ ফাইনাল জিতলেন তিনি।

১৮ নভেম্বর : কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তরফ থেকে প্রকাশিত, 'ভারতের সেরা থানা'র তালিকায় শীর্ষ স্থান পেল দিল্লির সদর বাজার থানা। বিভিন্ন পরিষেবা ও সুযোগ-সুবিধার পরিপ্রেক্ষিতে, প্রতিবছর ভারতের সেরা ১০টি থানার তালিকা প্রকাশ করে স্বরাষ্ট্রমন্ত্রক। এইসব থানার কাজের মূল্যায়ন করে 'ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'।



'Hell of a Book' উপন্যাসটির জন্য, ২০২১ সালে ফিকশন বিভাগে 'জাতীয় বই পুরস্কার' পেলেন জেসন মট। 'ন্যাশনাল বুক ফাউন্ডেশন'এর তরফ থেকে এই পুরস্কার পেয়েছেন তিনি। তিনি ছাড়াও, আরও ৪টি বিভাগে ৫ জন লেখক-অনুবাদক এই পুরস্কার পেয়েছেন।

❑ ২০২১ সালে 'ইন্ডিয়ান পুলিশ ফাউন্ডেশন'এর তরফ থেকে প্রকাশিত, 'আইপিএফ স্মার্ট পুলিশিং ইনডেক্স'এ, ২৯টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে শীর্ষ স্থান পেল আন্ধ্রা প্রদেশ পুলিশ। ১০'এর মধ্যে ৮.১১ স্কোর নিয়ে প্রথম স্থানে রয়েছে তারা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তেলেঙ্গানা পুলিশ (৮.১০ পয়েন্ট) ও অসম পুলিশ (৭.৮৯ পয়েন্ট)।

২০২১ সালে 'ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন কাউন্সিল'এর তরফ থেকে, 'জীবনকৃতি সম্মান'এর জন্য মনোনীত হলেন কিংবদন্তি ভারতীয় ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন। উল্লেখ্য, তিনিই প্রথম ভারতীয় ব্যক্তিত্ব, যিনি ১৯৮৩ সালে কোপেনহেগেন টুর্নামেন্টে বিশ্ব চ্যাম্পিয়নশিপে পদক জিতেছেন।

১৯ নভেম্বর : 'Ei Amadi Adungeigi Ithat' বইটির জন্য, ২০২০ সালে সাহিত্যের জন্য, ১২ তম 'মণিপুর রাজ্য পুরস্কার' পেলেন ঔপন্যাসিক বেরিল থাঙ্গা। ২০১৫ সালে প্রকাশিত, তাঁর লেখা এই উপন্যাসের জন্য মণিপুরের রাজ্যপাল লা গণেশন পুরস্কার হিসাবে ৩ লাখ টাকার চেক ও একটি শাল প্রদান করেছেন তাঁকে।

❑ সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন দক্ষিণ আফ্রিকার কিংবদন্তি ক্রিকেটার এবি ডে ভিলিয়ার্স। ২০১৮ সালে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেন তিনি। ২০১১ সালে ফ্র্যাঞ্চাইজিতে যোগ দেওয়ার পর থেকে, এখনও পর্যন্ত 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরুর হয়ে খেলছিলেন তিনি।

❑ মার্কিনি টেনিস তারকা ফ্র্যান্সিস টিয়াফোকে ৭-৫ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'ভিয়েনা ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জার্মান টেনিস তারকা আলেকজান্ডার জেরেভ। এটি তাঁর এই মরসুমের পঞ্চম এটিপি শিরোপা ও সামগ্রিকভাবে এটি তাঁর ১৮ তম শিরোপা।

২০ নভেম্বর : পশ্চিমবঙ্গে প্রথম জিআরপি'তে ওসি'র দায়িত্ব নিলেন রু'পসিনা পারভিন।

❑ ২০২১ সালে গোয়ায় অনুষ্ঠিত, ৫২ তম 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ 'বর্ষসেরা ভারতীয় ব্যক্তিত্ব'এর সম্মান পেলেন প্রখ্যাত অভিনেত্রী হেমা মালিনী ও কবি, লেখক, গীতিকার, চিত্রনাট্যকার প্রসূন যোশী। কয়েক দশক ধরে ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তাঁরা।

❑ কলকাতার সংস্থা 'সস্তাসুন্দর ডটকম'কে (মূল সংস্থা 'সস্তাসুন্দর মার্কেটপ্লেস') অধিগ্রহণ করার কথা জানালো 'ফ্লিপকার্ট'। এর ফলে অনলাইনে ওষুধ ও চিকিৎসা পরিষেবা ব্যবসায় নামতে চলেছে ফ্লিপকার্ট, যার নাম হবে 'ফ্লিপকার্ট হেলথ প্লাস'।

❑ প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা হিসাবে মহাকাশ স্টেশনে পাড়ি দিতে চলেছেন জেসিকা ওয়াটকিন্স। ২০২২ সালের এপ্রিলে, স্পেসএক্স 'ক্রু-৪' মিশনের অন্যতম অভিযাত্রী তিনি। জেসিকার সঙ্গে ওই অভিযাত্রী দলে থাকবেন 'নাসা'র জেল লিন্ডগ্রেন ও রবার্ট হাইনস আর 'ইউরোপিয়ান স্পেস এজেন্সি'র সামান্থা ক্রিস্টোফোরেট্টি। এলন মাস্কের বেসরকারি মহাকাশ গবেষণা সংস্থা 'স্পেসএক্স'এর ক্রু ড্রাগন মহাকাশযান তাঁদের মহাকাশ স্টেশনে পৌঁছে দেবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯২ সালে স্পেস শাটল এনডেভারে মহাকাশে পাড়ি দিয়েছিলেন প্রথম মার্কিনি-আফ্রিকান মহিলা মে জেমিসন। ১৯৯৫ সালে প্রথম কৃষ্ণাঙ্গ পুরুষ অভিযাত্রী হিসাবে মহাকাশে পা রাখেন বার্নার্ড হ্যারিস জুনিয়র।

❑ নয়াদিল্লিতে, কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক আয়োজিত 'স্বচ্ছ অমৃত মহোৎসব'এ 'স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার ২০২১' প্রদান করলেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। সেখানেই টানা পঞ্চমবার ভারতের সবথেকে পরিচ্ছন্ন শহরের স্বীকৃতি পেল মধ্য প্রদেশের ইন্দোর। দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছন্ন শহরের স্বীকৃতি পেল যথাক্রমে গুজরাতের সুরাত ও আন্ধ্রা প্রদেশের বিজয়ওয়াড়া। এছাড়াও, সবথেকে পরিচ্ছন্ন গঙ্গা তীরবর্তী শহরের শিরোপা পেয়েছে উত্তর প্রদেশের শহর বারাণসী। প্রসঙ্গত উল্লেখ্য, 'স্বচ্ছ সর্বেক্ষণ' হল ভারতের সব শহরের পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি ও স্যানিটেশনের একটি বার্ষিক সমীক্ষা, যা কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত অভিযানের একটি অংশ হিসাবে চালু করা হয়েছে।

২১ নভেম্বর : সুদানের প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন আবদাল্লা হামদোক।

❑ বিশ্বের প্রথম 'বিটকয়েন শহর' তৈরির পরিকল্পনার কথা ঘোষণা করলেন এল সালভাদোরের প্রেসিডেন্ট নাইব বুকেলে। এই নতুন শহরটি লা ইউনিয়নের পূর্বাঞ্চলে গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে ও প্রাথমিকভাবে এটি বিটকয়েন-সমর্থিত বন্ডের মাধ্যমে অর্থায়ন করা হবে। এটি একটি আগ্নেয়গিরি থেকে ভূতাপীয় শক্তি পাবে। মূল্য সংযোজন কর (ভ্যাট) ছাড়া কোনো কর আরোপ করবে না এই শহর। এই ধার্যকৃত ভ্যাটের অর্ধেক, শহর গড়ে তোলার জন্য জারি করা বন্ডের অর্থায়নে ব্যবহার করা হবে ও বাকি অর্ধেক, আবর্জনা সংগ্রহের মতো অন্যান্য পরিষেবার জন্য অর্থ প্রদানের উদ্দেশ্যে ব্যবহার করা হবে।

বিশ্বের বৃহত্তম অর্কেস্ট্রা স্থাপনের নজির

❑ ৫ মিনিটেরও বেশি সময় ধরে, ৮,৫৭৩ জন সঙ্গীতশিল্পী একসঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়ে, বিশ্বের বৃহত্তম অর্কেস্ট্রা স্থাপন করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল ভেনেজুয়েলা।

❑ রেকর্ডটি দেশটির 'ন্যাশনাল সিস্টেম অফ ইউথ অ্যান্ড চিল্ড্রেন্স অর্কেস্ট্রাস'এর মাধ্যমে তৈরি করা হয়েছিল, যা 'El Sistema' নামে পরিচিত।

❑ এর আগে, রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে ৮,০৯৭ জন সঙ্গীতশিল্পী একসঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়ে রেকর্ড গড়েছিলেন।

❑ 'ইন্টারন্যাশনাল ক্রিকেট গভর্নিং বডি'র স্থায়ী চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে জিওফ অ্যালার্ডিসকে মনোনীত করল 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'।

❑ 'বিশ্ব মৎস্য দিবস' উপলক্ষ্যে, এই ক্ষেত্রে অসামান্য অবদান রাখার জন্য ২০২১-'২২ সালে সব 'সেরা কৃতিত্বের রাজ্য'কে পুরস্কৃত করল কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত মন্ত্রকের অধীন মৎস্য বিভাগ। এই পুরস্কারে আন্ধ্রা প্রদেশকে দেশের সেরা সামুদ্রিক রাজ্য হিসাবে চিহ্নিত করেছে মৎস্য দফতর। পুরস্কৃত হওয়া 'সেরা রাজ্য' হল : সামুদ্রিক রাজ্য - আন্ধ্রা প্রদেশ, অভ্যন্তরীণ রাজ্য - তেলেঙ্গানা আর পার্বত্য ও উত্তর-পূর্ব রাজ্য - ত্রিপুরা। এছাড়া 'সেরা জেলা' হল : সামুদ্রিক জেলা - ওড়িশার বালাশোর, অভ্যন্তরীণ জেলা - মধ্য প্রদেশের বালাঘাট আর পার্বত্য ও উত্তর-পূর্ব জেলা - অসমের বঙ্গাইগাঁও।

❑ রাশিয়ান টেনিস তারকা ড্যানিল মেদভেদেভকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'এটিপি ফাইনালস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জার্মান টেনিস তারকা আলেকজান্ডার জেরেভ।

❑ ২০২১ সালে ফর্মুলা ওয়ান 'কাতার গ্র্যা প্রি' জিতলেন গ্রেট ব্রিটেনের লুইস হ্যামিল্টন (মার্সিডিজ)।

২০২৪-২০৩১ আইসিসি পুরুষদের ইভেন্টের আয়োজক দেশ

ইভেন্ট	আয়োজক দেশ
২০২৪ আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ	মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজ
২০২৫ আইসিসি পুরুষদের চ্যাম্পিয়ন্স ট্রফি	পাক-ই-স্তান
২০২৬ আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ	ভারত ও শ্রীলঙ্কা
২০২৭ আইসিসি পুরুষদের ৫০ ওভার বিশ্বকাপ	দক্ষিণ আফ্রিকা, জিম্বাবোয়ে ও নামিবিয়া
২০২৮ আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ	অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড
২০২৯ আইসিসি পুরুষদের চ্যাম্পিয়ন্স ট্রফি	ভারত
২০৩০ আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ	ইংল্যান্ড, আয়ারল্যান্ড ও স্কটল্যান্ড
২০৩১ আইসিসি পুরুষদের ৫০ ওভার বিশ্বকাপ	ভারত ও বাংলাদেশ

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

২২ নভেম্বর : ইউক্রেনে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন হর্ষ কুমার জৈন।

২০২১ সালে 'টাটা লিটারেচার লাইভ! *জীবনকৃতি সম্মান' পেলেন ভারতীয় ঔপন্যাসিক অনিতা দেশাই। ৫০ বছরেরও বেশি সময় ধরে দীর্ঘ সাহিত্যিক কর্মজীবনের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। এছাড়াও, ২০২১ সালে 'কবি বিজয়ী পুরস্কার' পেলেন ভারতীয় কবি আদিল জু সাওয়ালা। উল্লেখ্য, ভারতীয় সাহিত্য ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে, এমন ব্যতিক্রমী কাজের স্বীকৃতি হিসাবে এই ২টি পুরস্কার দেওয়া হয়।

❑ ভিডিও কনফারেন্সের মাধ্যমে, মণিপুরে 'রানি গাইদিনলিউ ট্রাইবাল ফ্রিডম ফাইটার্স মিউজিয়াম'এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মণিপুরের তামেংলং জেলার লুয়াংকাও গ্রামে এই মিউজিয়াম স্থাপন করা হবে, যেটি মুক্তিযোদ্ধা রানি গাইদিনলিউয়ের জন্মস্থান। এটি তৈরি করতে খরচ হবে ১৫ কোটি টাকা। মুক্তিযোদ্ধাদের সম্মানে এমন একটি মিউজিয়াম তরুণ সমাজের মধ্যে জাতীয়তাবোধ জাগ্রত করবে বলে মনে করা হচ্ছে।

❑ যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে, আনুষ্ঠানিকভাবে 'নিউক্লিয়ার পাওয়ারড সাবমেরিন ডিফেন্স অ্যালিয়্যান্স'এর অংশ হল অস্ট্রেলিয়া। এই AUKUS (অস্ট্রেলিয়া-ইউকে-ইউএস) চুক্তির অধীনে, অস্ট্রেলিয়াকে ৪টি পারমাণবিক শক্তি চালিত সাবমেরিন সরবরাহ করা হবে, যা গোপনীয় ও দূরপাল্লার মিশনে সক্ষম। প্রতিরক্ষা জোট AUKUS গঠনের পর, এই ৩টি দেশের মধ্যে স্বাক্ষরিত প্রযুক্তি সংক্রান্ত প্রথম চুক্তি এটি। প্রসঙ্গত উল্লেখ্য, AUKUS হল অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ২০২১ সালের সেপ্টেম্বরে স্বাক্ষরিত একটি ত্রিপাক্ষিক নিরাপত্তা চুক্তি।

❑ আদিবাসী আইকন তাঁতিয়া ভিলের নামে, ইন্দোরের 'পাটালপানি রেলওয়ে স্টেশন'এর নাম বদল করার কথা ঘোষণা করলেন মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এখন থেকে এই রেলওয়ে স্টেশন 'তাঁতিয়া মামা রেলওয়ে স্টেশন' নামে পরিচিত হবে। আদিবাসীদের কাছে 'ভারতীয় রবিন হুড' নামে পরিচিত ছিলেন তাঁতিয়া ভিল, যিনি ১২ বছর ধরে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম চালিয়ে গিয়েছেন। কথিত আছে, তিনি ব্রিটিশ সরকারের কোষাগার লুঠ করতেন ও সেই সম্পদ গরিবদের মধ্যে বিলিয়ে দিতেন।

❑ 'কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ'এর জিজ্ঞাসা প্রোগ্রামের অধীনে, শিশুদের জন্য ভারতের প্রথম ভার্চুয়াল সায়েন্স ল্যাবের উদ্বোধন করলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জিতেন্দ্র সিং। সারা দেশের বিজ্ঞানীদের সঙ্গে শিক্ষার্থীদের সংযুক্ত করবে এইসব ল্যাব। এই সুবিধাটি কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় ও সরকারি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ব্যাপকভাবে উপকৃত করবে।

❑ কর্ণাটককে ৪ উইকেটে হারিয়ে, ২০২১-'২২ সালে 'সৈয়দ মুস্তাক আলি ট্রফি'তে চ্যাম্পিয়ন হল তামিলনাড়ু।

২৩ নভেম্বর : দক্ষিণ কোরিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট চুন ডো-হোয়ান (৯০ বছর) মারা গেলেন। দক্ষিণ কোরিয়ার পঞ্চম প্রেসিডেন্ট ছিলেন তিনি। 'ডেমোক্রেটিক জাস্টিস' দলের সদস্য ছিলেন তিনি।

❑ প্রথম ভারতীয় হিসাবে, সম্মানজনক খেতাব 'নাইটহুড অফ পার্ট গুয়েলফা' পেলেন 'অ্যারিস গ্রুপ অফ কোম্পানিজ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার ও প্রতিষ্ঠাতা তথা 'ফোর্বস'এর তালিকাভুক্ত উদ্যোক্তা (২০১৫ থেকে ২০১৯ সালের মধ্যে পরপর ৪ বার আরব বিশ্বের শীর্ষ ভারতীয় নেতাদের তালিকাভুক্ত হয়েছেন তিনি) ও চলচ্চিত্র পরিচালক কেরালার ড. সোহন রায়। ব্যবসা আর চলচ্চিত্রে তাঁর মানবিক ও পরিবেশ সুরক্ষা প্রচেষ্টার জন্য এই সম্মান পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, 'অর্ডার অফ দ্য গুয়েলফ পার্ট' বা 'অর্ডো পার্ট গুয়েলফে', যা প্রাথমিকভাবে 'সোসিয়েটাস পার্টিস ইক্লেসিয়া' নামে পরিচিত ছিল, যা ১২৬৬ সালে চতুর্থ পোপ ক্লিমেন্টের চালু করা পন্টিফিকাল ফাউন্ডেশনের একটি অর্ডার। এর 'গুয়েলফ' অংশটি পরিবেশ সুরক্ষার সঙ্গে সম্পর্কিত ও 'নাইটহুড' বিশ্ব পরিবেশের রক্ষক হিসাবে স্বীকৃত।

❑ ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি প্রদর্শন করাতে, ১৯০টি থিম ভিত্তিক 'ভারত গৌরব' ট্রেন চালানো হবে বলে ঘোষণা করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী, অশ্বিনী বৈষ্ণো। বেসরকারি সংস্থা ও আইআরসিটিসি উভয়ে মিলে এই ট্রেন চালাবে। নির্দিষ্ট কিছু থিমের ওপর ভিত্তি করে চলবে এইসব ট্রেন। উদাহরণ হিসাবে বলা হয়েছে, 'গুরুকৃপা' ও 'রামায়ণ'কে। যেমন, 'গুরুকৃপা'য় যাত্রা করা যাবে শিখদের পবিত্র স্থানে আবার, 'রামায়ণ' নিয়ে যাবে রাজা রামের স্মৃতিবিজড়িত বিভিন্ন স্থানে। প্রতিটি ট্রেনে থাকবে ২টি গার্ড ভ্যান-সহ ১৪ থেকে ২০টি কামরা। এই ট্রেনের রেজিস্ট্রেশন বাবদ সব সংস্থাকে দিতে হবে ১ লাখ টাকা করে। রেক প্রতি ১ কোটি টাকা সঞ্চিত অর্থ জমা দিতে হবে। বরাতের মেয়াদ থাকবে ২ থেকে ১০ বছর। ২০২২ সালের জানুয়ারিতে, প্রথম ভারত গৌরব ট্রেন চালানো শুরু হতে পারে বলে মনে করা হচ্ছে।

❑ করোনা আবহে রোগী পরিষেবা ও পরিচ্ছন্নতার নিরিখে, সেরা জেলা হাসপাতাল হিসাবে চিহ্নিত হল 'এম আর বাঙুর হাসপাতাল'। রোগী পরিষেবা ও পরিচ্ছন্নতার মাপকাঠিতে ৯৮.৫% নম্বর পেয়েছে এই হাসপাতাল।

২৪ নভেম্বর : দ্বিতীয় মেয়াদের জন্য, বুলগেরিয়ার প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন রুমেন রাদেভ।

❑ ২০২১ সালে 'কেমব্রিজ ডিকশনারি'র বিচারে, 'বর্ষসেরা শব্দ' হিসাবে মনোনীত হল 'Perseverance' শব্দটি। ২০২১ সালে এই শব্দটি ওয়েবসাইটে ২,৪৩,০০০ বারেরও বেশি খোঁজা হয়েছে। গত ১ বছর ধরে অনেক চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও, বিশ্বজুড়ে মানুষের অদম্য ইচ্ছাকে প্রকাশ করে এই শব্দটি।

❑ দেশের প্রথম রাজ্য হিসাবে, রেশন গ্রাহকদের সুবিধা দিতে একটি বিশেষ হোয়াটসঅ্যাপ চ্যাটবোট তৈরি করল পশ্চিমবঙ্গ সরকার। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে উদ্যোগে তৈরি হওয়া এই হোয়াটসঅ্যাপ চ্যাটবোটের মাধ্যমে রেশনকার্ড সংক্রান্ত যাবতীয় সমস্যার সমাধান করা সম্ভব হবে। বাংলা ও ইংরিজি ভাষায় এই সুবিধা পাওয়া যাবে। চ্যাটবোটের নম্বর ৯১৯৯০৩০৫৫৫০৫।

বিশ্বের প্রথম DART মিশন

❑ ইচ্ছাকৃতভাবে একটি মহাকাশযান বিধ্বস্ত করে একটি গ্রহাণুর পথ পরিবর্তন করার জন্য 'DART' (ডাবল অ্যাস্টেরয়েড রিডাইরেকশন টেস্ট) নামে নতুন ধরনের মিশন চালু করল মার্কিন মহাকাশ সংস্থা 'নাসা'।

❑ ক্যালিফোর্নিয়ার ভ্যানডেনবার্গ স্পেস ফোর্স বেস থেকে, 'ফ্যালকন ৯' রকেটে করে ৩২৫ মিলিয়ন ডলারের এই মিশনটি লঞ্চ করা হয়।

❑ ঘণ্টায় প্রায় ২৪,০০০ কিলোমিটার গতিবেগে চলা গাড়ির আকৃতিবিশিষ্ট এই মহাকাশযানটি, পৃথিবীর কাছাকাছি থাকা একটি গ্রহাণুতে আছড়ে পড়বে। তার এই প্রবল ধাক্কায় বদলে যাবে গ্রহাণুটির চলার পথ।

❑ পুরোটাই এখন পরীক্ষামূলক অভিযান হিসাবে চালু করা হয়েছে।

❑ এটি হল একটি কম খরচের মহাকাশযান, যার ওজন ৬১০ কেজি।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডের বাল্টিমোরের 'জন হপকিন্স বিশ্ববিদ্যালয়'এর অ্যাপ্লায়েড ফিজিক্স ল্যাবরেটরি এই মহাকাশযানটি তৈরি করেছে।

❑ মিশনটি চালু করার উদ্দেশ্য হল, গ্রহাণুর মধ্যে একটি স্পেস প্রোব বিধ্বস্ত করা, যাতে এর গতি ও গতিপথ পরিবর্তন করা যায় ও পৃথিবীকে সংঘর্ষের হাত থেকে রক্ষা করা যায়।

২৫ নভেম্বর : ৪ বছরের মেয়াদে, 'ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সংযুক্ত আরব আমিরশাহীর আহমেদ নাসের আল-রাইসি।

❑ সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্পের জন্য, 'ইউনেস্কো'র শুভেচ্ছাদূত হিসাবে মনোনীত হলেন জাপানি চলচ্চিত্র পরিচালক নাওমি কাওয়াসে। পঞ্চম জাপানি ও প্রথম জাপানি মহিলা হিসাবে এই সম্মানজনক পদে এলেন তিনি। চলচ্চিত্রের মাধ্যমে সাংস্কৃতিক শিল্পে লিঙ্গ সমতা প্রচারে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি।

❑ 'জাতীয় পরিবার ও স্বাস্থ্য সমীক্ষা'র পঞ্চম পর্যায়ের তথ্য অনুযায়ী, স্বাধীনতার পর এই প্রথমবার ভারতে সংখ্যার হিসাবে পুরুষ-নারীর অনুপাত ১০০০ : ১০২০। অর্থাৎ, প্রতি ১,০০০ পুরুষ পিছু মহিলার সংখ্যা ১,০২০ জন। ২০১৯ সাল থেকে ২০২১ সালের মধ্যে দেশের ৭০৭টি জেলার ৬,৫০,০০০টি বাড়িতে এই নমুনা সমীক্ষা চালানো হয়েছিল।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ মিশরের লাক্সরে পর্যটকদের আকৃষ্ট করার জন্য খুলে দেওয়া হল ৩,০০০ বছরের পুরনো এক রাজপথ। এই রাজপথটি খনন করে পুনরুদ্ধার করতে সময় লেগেছিল কয়েক দশক। এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজপথের উদ্বোধন করা হয়। ফ্যারাও শাসনকালে যেরকম শোভাযাত্রার আয়োজন হত, উদ্বোধনী অনুষ্ঠানে তেমনই জাঁকজমকপূর্ণ শোভাযাত্রার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে ব্যবহৃত গানের কথা নেওয়া হয় প্রাচীন মিশরীয় মন্দির গাত্রে খোদাই করা গল্প কাহিনি থেকে। এর ফলে মিশরের পর্যটন ব্যবস্থার আরও উন্নতি হবে বলে মনে করা হচ্ছে।

২৬ নভেম্বর : ভারতের শীর্ষস্থানীয় দু'চাকা গাড়ি প্রস্তুতকারক সংস্থা 'হিরো মোটোকর্প'এর স্বাধীন নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে হলেন 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার।

❑ কেরালার অভ্যন্তরীণ ও গ্রামীণ এলাকাগুলিতে পর্যটনের প্রচারের জন্য 'STREET' (সাসটেইনেবল, টানজিবল, রেসপন্সিবল, এক্সপেরিয়েন্সিয়াল, এথনিক, ট্যুরিজম হাবস) নামে প্রকল্প চালু করল কেরালা পর্যটন বিভাগ। এই প্রকল্পের ফলে, পর্যটকদের এইসব অঞ্চলের বৈচিত্র্য অনুভব করা সম্ভব হবে।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

প্রয়াত বিপিন রাওয়াত

বি সাই তেজা | জিতেন্দ্র কুমার | বিবেক কুমার | হরজিন্দর সিং | রানা প্রতাপ দাস | প্রদীপ আরাক্কাল

লখবিন্দর সিং লিড্ডর | গুরসেবক সিং | সৎপাল রাই | পি.এস.চৌহান | মধুলিকা রাওয়াত | কুলদীপ সিং | বিপিন রাওয়াত

❑ ৮ ডিসেম্বর, ওয়েলিংটনে ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজে বক্তৃতা যাওয়ার পথে, তামিলনাড়ুর কুন্নুরে কপ্টার দুর্ঘটনায় মারা গেলেন ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াত (৬৩ বছর)।

❑ এদিন বেলা ১২টা ৪০ মিনিট নাগাদ তামিলনাড়ুর কুন্নুড়ে নীলগিরি পাহাড়ে চা বাগানের মাঝে হঠাৎই ভেঙে পড়ে ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টার Mi-17V5.

❑ ওই কপ্টারে ছিলেন সস্ত্রীক বিপিন রাওয়াত ও সেনাবাহিনীর বেশ কয়েকজন আধিকারিক-সহ মোট ১৪ জন, যাঁদের মধ্যে ১৩ জনই মারা গিয়েছেন। যদিও, ঠিক কী কারণে এই দুর্ঘটনা ঘটল তা জানা যায়নি।

❑ বিপিন রাওয়াত ছাড়াও এই কপ্টারে ছিলেন তাঁর স্ত্রী মধুলিকা রাওয়াত, নায়েক গুরসেবক সিং, নায়েক জিতেন্দ্র কুমার, ব্রিগেডিয়ার জেনারেল লখবিন্দর সিং লিড্ডর, লেফটেন্যান্ট কর্নেল হরজিন্দর সিং, গ্রুপ ক্যাপ্টেন বরুন সিং, ল্যান্সনায়েক বি সাই তেজা, ল্যান্সনায়েক বিবেক কুমার, হাবিলদার সৎপাল রাই, উইং কম্যান্ডার পি.এস.চৌহান, স্কোয়াড্রন লিডার কুলদীপ সিং, জুনিয়র ওয়ারেন্ট অফিসার রানা প্রতাপ দাস, জুনিয়র ওয়ারেন্ট অফিসার প্রদীপ আরাক্কাল।

একনজরে Mi-17V5 কপ্টার সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

❑ Mi-17V5 হল একটি উন্নত পরিবহণ হেলিকপ্টার, যা ২০১২ সাল থেকে ভারতীয় বায়ুসেনার সঙ্গে রয়েছে।

❑ এই কপ্টারটি রাশিয়ায় তৈরি, যেটির ডানা ছাড়া আর সবকিছুই পুড়ে ছাই হয়ে গেছে।

❑ ২০০৮ সালে রুশ কোম্পানি 'Rosoboronexport'এর সঙ্গে একটি চুক্তিতে স্বাক্ষর করে ভারত। ঠিক হয়, চুক্তি অনুযায়ী ৮০টি Mi-17V5 কপ্টার ভারতকে সরবরাহ করবে রাশিয়া। এই বরাত অনুযায়ী, সবক'টি কপ্টার ভারতে আসে ২০১১-২০১৩ সালের মধ্যে।

❑ যেকোনো আবহাওয়ায় উড়তে সক্ষম এই কপ্টারটির ওজন বহন করার মোট ক্ষমতা ৭,০০০ কেজি (এর মধ্যে ভিতরে ৪,০০০ কেজি ও বাইরে ৩,০০০ কেজি)।

❑ সেনা জওয়ান, মালপত্র, যন্ত্রপাতি পরিবহণের কাজে ব্যবহার করা হয় এই কপ্টারটিকে।

❑ স্যাটেলাইট নেভিগেশন সিস্টেমের মাধ্যমে যেকোনো পাহাড়ি ও মরুভূমির মতো উত্তপ্ত এলাকায় হামলা চালাতে সক্ষম এই কপ্টারটি দিন-রাত যেকোনো সময় অপারেশন চালাতে পারে।

❑ প্রযুক্তিগতভাবে সবথেকে উন্নত Mi-8/17 সিরিজের এই কপ্টারে রকেট, কামান ও ছোট অস্ত্র বহন করা যায়।

ভারতের প্রথম সেনা সর্বাধিনায়ক বিপিন রাওয়াত

❑ **জন্ম :** ১৯৫৮ সালের ১৬ মার্চ (উত্তরাখণ্ড)।

❑ **মৃত্যু :** ২০২১ সালের ৮ ডিসেম্বর (তামিলনাড়ু)।

❑ **কার্যকাল :** ১৯৭৮ সালের ১৬ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৮ ডিসেম্বর।

❑ **পুরস্কার :** পরম বিশেষ সেবা পদক, উত্তম যুদ্ধ সেবা পদক, অতি বিশিষ্ট সেবা পদক, যুদ্ধ সেবা পদক, সেনা পদক, বিশিষ্ট সেবা পদক।

মিলিটারি কেরিয়ার

র‍্যাঙ্ক	নিয়োগের তারিখ
সেকেন্ড লেফটেন্যান্ট	১৯৭৮ সালের ১৬ ডিসেম্বর
লেফটেন্যান্ট	১৯৮০ সালের ১৬ ডিসেম্বর
ক্যাপ্টেন	১৯৮৪ সালের ৩১ জুলাই
মেজর	১৯৮৯ সালের ১৬ ডিসেম্বর
লেফটেন্যান্ট কর্নেল	১৯৯৮ সালের ১ জুন
কর্নেল	২০০৩ সালের ১ আগস্ট
ব্রিগেডিয়ার	২০০৭ সালের ১ অক্টোবর
মেজর জেনারেল	২০১১ সালের ২০ অক্টোবর
লেফটেন্যান্ট জেনারেল	২০১৪ সালের ১ জুন
জেনারেল (সিওএএস)	২০১৭ সালের ১ জানুয়ারি
জেনারেল (সিডিএস)	২০১৯ সালের ৩১ ডিসেম্বর

চাকরির পরীক্ষার গাইড

জেনারেল ইংলিশ

Direction (Qs. 1-3): *Choose the word which is most nearly the* ***SAME*** *in meaning as the word given in* ***CAPITAL*** *as used in the passage.*

1. **DRAW**
(A) ride (B) push (C) run (D) pull

2. **REGULAR**
(A) big (B) large (C) frequent (D) systematic

3. **PART**
(A) piece (B) feature (C) sign (D) whole

Direction (Qs. 4-6): *Choose the word which is most* ***OPPOSITE*** *in meaning of the word given in* ***CAPITAL*** *as used in the passage.*

4. **GREAT**
(A) short (B) unknown (C) weak (D) powerful

5. **LIKE**
(A) similar (B) hate (C) differ (D) calm

6. **FOLLOWING**
(A) ignoring (B) leading (C) beginning (D) closing

Direction (Qs.7-13): *Pick out the most effective word from the given words to fill in the blank to make the sentence meaningfully complete.*

7. Last year the performance of this production unit was ....
(A) tall (B) staggered (C) fantastic (D) below

8. I am going to Bhopal today and plan to .... by tomorrow evening.
(A) returning (B) returned (C) have returned (D) return

9. After a recent mild paralytic attack his movements are ....restricted otherwise he is still very active.
(A) not (B) entirely (C) slightly (D) nowhere

10. .... he woke up, he saw that his bag was stolen.
(A) If (B) When (C) Where (D) So

11. We all must .... that people are the most important assets of any organisation.
(A) find (B) look (C) realise (D) involve

12. He offered us .... food items for the lunch and we were very happy.
(A) delicious (B) pungent (C) lucrative (D) big

13. I will give you a gift .... you do this work.
(A) as (B) where (C) since (D) if

Direction (Qs.14–21): *In the following passage there are blanks, each of which has been numbered. These numbers are printed below the passage and against each, five words are suggested, one of which fits the blank appropriately. Find out the appropriate words.*

Like seedless oranges, Japanese agriculture researchers were the __14__ to develop seedless varieties of watermelones in 1951. Researchers working at the Indian Agricultural Research Institute, Pussa, New Delhi, __15__ also produced an experimental variety and __16__ it Pusa Bedana. Taiwanese scientists have also developed a seedless variety. __17__ the seedless varieties have not __18__ the stage of commercial cultivation. Some varieties __19__ contain seeds in __20__ numbers are available in the market at times. Traditionaly cultivations of watermelons in confined mostly __21__ river beds but not they can be grown in almost all types of soil. Light sandy and well-drained fertile land is ideal for watermelons.

14. (A) last (B) first (C) ignorant (D) great
15. (A) has (B) were (C) have (D) was
16. (A) called (B) announced (C) shouted (D) given
17. (A) however (B) like (C) If (D) when
18. (A) started (B) begun (C) open (D) reached
19. (A) who (B) when (C) where (D) short
20. (A) big (B) small (C) large (D) countless
21. (A) for (B) on (C) to (D) in

Direction (Qs. 22–26): *Rearrange the following five sentences 1, 2, 3, 4 and 5 in the proper sequence so as to form a meaningful paragraph; then answer the questions given below them:*

(1) Sharan started dancing with joy. (2) The day of the interview arrived. (3) He answered well to all the questions put by the panel member. (4) Sharan was well prepared and confident (5) A week later he received the letter of appointment.

22. Which sentence should come **FIRST** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

23. Which sentence should come **SECOND** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

24. Which sentence should come **THIRD** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4 (D) 5

25. Which sentence should come **FOURTH** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

26. Which sentence should come **LAST** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

Direction (Qs. 27–31): *In each of the following questions, five words are given, which are denoted by 1, 2, 3, 4 and 5. By using all the five words, each only once, you have to frame a meaningful and grammatically correct sentence. The correct order of the words is your answer. Choose from the five alternatives the one having the correct order of words and mark it as your answer on the answersheet.*

27. (1) smart (2) ambitious (3) and (4) is (5) Puja
(A) 41325 (B) 35421 (C) 51324 (D) 54132

28. (1) Pencil (2) a (3) good (4) need (5) I
(A) 21345 (B) 54231 (C) 21453 (D) 23145

29. (1) good (2) not (3) movie (4) the (5) is
(A) 25431 (B) 43521 (C) 21543 (D) 41523

30. (1) wanted (2) there (3) stay (4) we (5) to
(A) 21453 (B) 32541 (C) 41532 (D) 45132

31. (1) picnic (2) we (3) thoroughly (4) enjoyed (5) the
(A) 12453 (B) 53124 (C) 34251 (D) 23451

Direction (Qs. 32–35): *In each of these questions, two sentences are given. These two sentences are to be combined into a single sentence without changing their meaning. Three probable starters of the combined sentence are given as (X), (Y) and (Z). Any one or more or none of them may be correct. Find out he correct starter(s) and accordingly select your answer from among the given four answers.*

32. He always delays in taking any action. It makes others suffer a lot.
(X) His taking action on time makes....
(Y) Others suffer a lot because of....
(Z) On account of his procrastination...
(A) X, Y and Z (B) X and Y (C) Y and Z (D) X and Z

33. It is very cold here. You must carry warm clothes with you.
(X) Since you must....
(Y) As it is very.....
(Z) If it is very.....
(A) only Y (B) only Z (C) only X (D) X and Z

34. You need two tickets? Please stand in the queue.
(X) If you need.....
(Y) In case you need....
(Z) Should you need....
(A) only Y and Z (B) only X (C) only X and Y (D) only Z

35. The quality of the fabric was not inpressive. We changed our plan of purchasing.
(X) The quality of the fabric being.....
(Y) We changed our.....
(Z) In spite of the unimpressive....
(A) only Z (B) only Y (C) only X (D) X and Y

সেকেন্ডে উত্তরের কৌশল

1(D). Draw – টানা। Pull – টানা। **2(C).** Regular – নিয়মিত, Frequent – প্রায়শই। **3(B).** Part – গুণ, Piece – খন্ড, Feature – বৈশিষ্ট্য, Sign – চিহ্ন, Whole – সম্পূর্ণ। **4(A).** Great – বিশাল, Short – সংক্ষিপ্ত, Unknown – অপরিচিত, Weak – দুর্বল, Powerful – শক্তিশালী। **5(B).** Like – পছন্দের, Similar – সদৃশ, Hate – ঘৃণা, Differ – তফাৎ, Calm – শান্ত। **6(A).** Following – অনুগামী, Ignoring – অবজ্ঞা করে, Leading – প্রভাব, Beginning – শুরু, Closing – সমাপ্ত। **7(C).** Tall – লম্বা, Staggered – এলোমেলো, Fantastic – অপরূপ, Below – নিচে। **8(D).** এই বাক্যটির শূন্যস্থানে ক্রিয়াপদের Infinitive রূপ বসবে। তাই এক্ষেত্রে 'to return' বসবে। **9(C).** বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে, ব্যক্তিটির মৃদু পক্ষাঘাতের জন্য তাঁর চলাচল কিছুটা ধরাবাঁধা করা হচ্ছে। তাই এখানে Slightly বসবে। **10(B).** বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে, যখন জেগে উঠেছেন, তখনই তিনি দেখেছিলেন যে তাঁর ব্যাগ চুরি গেছে। তাই এক্ষেত্রে শুরুতে If, Where বা, So না বসে, When বসবে। **11(C). 12(A). 13(D). 14(B). 15(C). 16(A). 17(A). 18(D). 19(D). 20(B). 21(C).** *22–26 নং প্রশ্নের চটপট উত্তর দিতে হলে আগে বাক্যগুলিকে মনে-মনে এইভাবে পরপর সাজিয়ে ফেলুন:* The day of the interview arrived. Sharan was well prepared and confident. He answered well to all the quesitons put by the panel members. A week later he received the letter of appointment. Sharan started dancing with joy. **22(B). 23(D). 24(C). 25(D). 26(A). 27(D).** Puja is smart and ambitions. **28(B).** I need a good pencil. **29(B).** The movie is not good. **30(C).** We wanted to stay there. **31(D).** We thoroughly enjoyed the picnic. *32-35নং প্রশ্নের তিনটি বিকল্পের মধ্যে কোনটি দিয়ে বাক্য শুরু করলে অর্থ অপরিবর্তিত থেকে শুদ্ধ হবে, তা বের করতে হবে।* **32(C).** দু'টি বাক্যের অর্থ অপরিবর্তিত রেখে জুড়লে হবে : (i) other suffer a lot because of his taking any action in delay every time. (2) On account of his procrastination (দীর্ঘসূত্রতার) It makes others suffer a lot always. **33(A).** বাক্য দু'টি complex sentences গড়ে জুড়লে হবে : As it is very cold here, you must carry warm clothes with you. **34(C).** এখানে জোড়া যায় এই দু'ভাবেই : (1) If you need two tickets, please stand in the queue. (2) In case you need two tickets, please stand in the queue. **35(D).** এখানে জোড়া যায় এই দু'ভাবে : (1) The quality of the fabric being unimpressive, we changed our plan of purchasing. (2) We changed our plan of purchasing as the quality of the fabric was not impressive.

কীভাবে কম পুঁজিতে চানাচুর তৈরির কারখানা করে নিজের পায়ে দাঁড়াবেন

ব্যবসা

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের 'কর্মসৃজন প্রকল্প' বা, পশ্চিমবঙ্গ সরকারের 'বিবেকানন্দ বাংলা স্বনির্ভর প্রকল্প' থেকে ঋণ নিয়ে চানাচুর ও ভুজিয়া তৈরির কারখানা তৈরি করে নিজের পায়ে দাঁড়াতে পারেন। বাজারে নামি-দামি সংস্থার চানাচুর-ভুজিয়া থাকলেও স্থানীয় এলাকায় স্থানীয় পণ্যের ভালো চাহিদা থাকে। শুরুতে কম দাম ও লাভ রেখে বাজার ধরতে হবে ও বাজারে সুনাম তৈরি হলে আর ফিরে তাকাতে হবে না। তবে এজন্য পণ্যের গুণগত মান ও প্যাকেজিংয়ে নজর দিতে হবে।

কাঁচামাল : চানাচুর তৈরির জন্য দরকার হয় এইসব কাঁচামাল : বাদাম, মটর ডাল, সবুজ মটর, চাল গুঁড়ো, মুগডাল, চেরি, ছাতু, চিনি, সয়াবিন তেল, জিরা, লবণ, এলাচ, লবঙ্গ, মৌরি, সাদা জিরা, লঙ্কা গুঁড়ো, হলুদ, আদার গুঁড়ো, কারিপাতা, রঙ ও রাসায়নিক।

কোথায় পাবেন : যাবতীয় কাঁচামাল পাবেন স্থানীয় মুদিখানার দোকানে। রঙ ও রাসায়নিক (কেমিক্যাল) সস্তায় পাবেন বড়বাজারে।

যন্ত্রপাতি ও সরঞ্জাম : চানাচুর তৈরির যন্ত্রপাতির মধ্যে লাগে চানাচুর তৈরির মেশিন, মিক্সিং মেশিন, প্যাকিং মেশিন, প্যাডেল স্কেলার মেশিন, ডিজিটাল ওজন মেশিন। সরঞ্জামের মধ্যে লাগে কড়াই, স্টিমার / চাকি, খুন্তি / ডাবু, ঝুড়ি, নল (টিউব), ফাইবার ড্রাম, ডিজেল ওভেন (মোটর ও ফিটিং সহ)

কোথায় পাবেন : যাবতীয় যন্ত্রপাতি পাবেন এই ২টি ঠিকানায় : (১) ওরিয়েন্টাল মেশিনারি, ২৫ আর. এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১। (২) ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিজ, ৬১ গণেশ চন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩। তবে কড়াই, খুন্তি, ডাবু, ঝুড়ি ইত্যাদি সরঞ্জাম পাবেন স্থানীয় হার্ডওয়্যারের দোকানে।

কীভাবে তৈরি করবেন : বেসনের সঙ্গে মশলা মেখে ভেজে নিয়ে অন্যান্য কাঁচামাল মিশিয়ে নিতে হবে। এরপর আবার ভেজে ঠাণ্ডা করে প্যাকিং করতে হবে। মিক্সিং মেশিনে মেশানো হয় বিভিন্ন উপাদান। ড্রাই মেশিনে তেল বের করা হয়। ডিজেল ওভেনে ভাজা হয় (শুরুতে ভাজার জন্য ভাটি তৈরি করিয়ে নিতে পারেন)।

লোকবল : আধুনিক মানের কারখানা চালাতে অন্তত ৭ জন লোক লাগবে। এর মধ্যে ১ জন ম্যানেজার (নিজে), ১ জন মিস্ত্রি, ৩ জন অদক্ষ কর্মী আর ২ জন সেলসম্যান কাম ডেলিভারি ম্যান।

সেনাবাহিনীতে ৪০ টেকনিক্যাল অফিসার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রণমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল, এনভায়রণমেন্ট ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং (পাব্লিক হেলথ ইঞ্জিনিয়ারিং) বা, এনভায়রণমেন্টাল প্ল্যানিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল / বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৯টি।

মেকানিক্যাল, মেকানিক্যাল (মেকাট্রনিক্স), মেকানিক্যাল ও অটোমেশন, অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৫টি।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৩টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক্স), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ডাটা সায়েন্স প্রোগ্রাম, ন্যানোটেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স-এর ডিগ্রি কিংবা এম.এসসি কম্পিউটার সায়েন্স, এম.এসসি. কম্পিউটার টেকনোলজি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার টেকনোলজি / এম.এসসি. কম্পিউটার সায়েন্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৮টি।

ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জিও ইনফর্মেটিক্স, এম.এসসি. ইনফর্মেশন টেকনোলজি, এম.এসসি. ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৩টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনের ডিগ্রি কিংবা এম.এসসি. ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেসন, কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা এম.এসসি. কমিউনিকেসন ও এম.এসসি. মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স, অ্যাভোনিক্স, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস /অ্যাভোনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ১টি।

প্রোডাকশন, প্রোডাকশন ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেক, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন /ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অটোমোবাইল, অটোমোবাইল মেন্টেন্যান্স, অটোমেটিভ টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং), মেকানিক্যাল (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অটোমোবাইল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইনের ডিগ্রি কোর্স পাশরা 'অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অপ্টো ইলেক্ট্রনিক্স ও অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

আর্কিটেকচার, আর্কিটেকচারাল, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ, আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডেকরেশন, আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেক্ট ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০২'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮।

শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু জুলাইয়ে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

৭৯ ক্লার্ক ও টেকনিশিয়ান

১ পাতার পর

ফার্মাসিস্ট : ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশরা ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশ হলে ও ডিসপেন্সিং / স্টোরেজ সংক্রান্ত বিষয়ে কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৬,১০০ টাকা। শূন্যপদ : ২টি।

মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল রেকর্ডের ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। কোনো হাসপাতাল বা, মেডিক্যাল ইনস্টিটিউটে মেডিক্যাল রেকর্ড সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৪,৮০০ টাকা। শূন্যপদ : ২টি।

ল্যাবরেটরি টেকনিশিয়ান : সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক্সের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর মেডিক্যাল ল্যাবরেটরির কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৬,১০০ টাকা। শূন্যপদ : ৩৩টি।

লাইব্রেরিয়ান গ্রেড-III : সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশ লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। বুক্স, পিরিয়ডিক্যালস, ডকুমেন্টেশন, মেডিক্যাল লাইব্রেরি ইত্যাদি সংক্রান্ত কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৪৩,৯০০ টাকা। শূন্যপদ : ৩টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮-১২-২০২১'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 97.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.becil.com, https://becilregistration.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. হলে ৪৫০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

রেলে গ্রুপ 'ডি' পদের পরীক্ষা

৫ পাতার পর

আপলোড সংক্রান্ত কারণে ৪,৮৫,৬০৭ জনের যে দরখাস্ত বাতিল হয়েছিল, তাঁদের নতুন করে ফটো ও সিগনেচার আপলোড করার সুযোগ দিচ্ছে রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। ফটো ও সিগনেচার সংক্রান্ত কারণে যাদের দরখাস্ত বাতিল হয়েছে, তাঁরা ২৬ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে নির্দিষ্ট লিংকে গিয়ে নতুন করে ফটো ও সিগনেচার আপলোড করতে পারবেন।

কম্পিউটার বেসড টেস্টে ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স -২৫ নম্বর, (২) অঙ্ক-২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচী, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট সেলের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর ধারাবাহিকভাবে 'সাফল্য' পত্রিকায় দেওয়া হচ্ছে।

নির্ভরে এসে কেউ খালি হাতে ফেরে না
অসংখ্য সাধারণ মানের ছেলেমেয়েরাও পাশ করে চাকরি করছে
নির্ভর

Motivation and Coaching Institution
বিগত ৪০ বছর ধরে পড়াচ্ছেন দেবব্রত বিশ্বাস। WBCS (Exe.), ডেপুটি ম্যাজিস্ট্রেট, ডেপুটি কালেক্টর (অবসরপ্রাপ্ত)। এছাড়া পড়াচ্ছেন অভিজ্ঞ প্রফেসর ও সরকারি অফিসারগণ।
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে শুরু
ক্যাম্পাস কোচিংয়ের মাধ্যমে এই ২ মাসেই সফল হোন
দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য অল্প খরচে থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে
এছাড়া WBCS, IAS, Miscellaneous, Rail, Panchayat, Police-সহ সমস্ত সরকারি চাকরির পরীক্ষার কোচিংয়ের জন্য নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে
অফিস ও ক্যাম্পাস : তাহেরপুর ই.ব্লক, রোড-২২, নদিয়া
যোগাযোগ : 8145521891, 9064887050

সাম্প্রতিক তথ্যে ভরা

জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

পি.এস.সি.'র

■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — পিন্টু দত্ত, নদিয়া। নীলিমা হাজরা, পূর্ব মেদিনীপুর। সায়নী ঘোষ, নদিয়া।

■■ ২০২২ সালের প্রিলি পরীক্ষার বিজ্ঞপ্তি এখনো বেরোয়নি। সম্ভবত এ মাসেই বিজ্ঞপ্তি বেরোতে পারে। প্রিলি. পরীক্ষা এপ্রিল মাস নাগাদ হতে পারে।

■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের ফল কবে বেরোবে? — সুপ্রিয়া নাইয়া, রাইদিঘি, দক্ষিণ ২৪ পরগনা।

■■ ফল যে কোনো সময়ই বেরোতে পারে।

■ ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. মেন পরীক্ষা কবে হবে? — অস্তরা দত্ত, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা। সোমা দাস, তারকেশ্বর, হুগলি।

■■ ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফল এখনো বেরোয়নি। খুব শিগগিরই ফল বেরোনোর সম্ভাবনা আছে। এ মাসে ফল বেরোলে মার্চ মাস নাগাদ মেন পরীক্ষা হতে পারে।

পুলিশে চাকরির

■ বয়স ২৭ বছর পূর্ণ হয়েছে। পুলিশের কনস্টেবল বা, সাব-ইন্সপেক্টর পদের জন্য যোগ্য কি? — রাজ দে, দমদম, উত্তর ২৪ পরগনা।

■■ না, যোগ্য নন।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের জন্য নতুন করে কবে দরখাস্ত নেওয়া হবে? — রঞ্জু ঘোষ, আড়ংঘাটা, নারায়ণপুর, নদিয়া।

■■ আপাতত নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা হল তার ফল কবে বেরোবে? — সৌমাভ সরকার, এস ৩/৬, এ.পি. নগর, সোনারপুর, কলকাতা -১৫০।

■■ ফল বেরোতে পারে জানুয়ারি মাস নাগাদ।

■ পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা ৫ ডিসেম্বর হল, তাতে এবছর কাট-অফ নম্বর কত হতে পারে? — অর্পিতা মাঝি, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।

■■ কাট-অফ নম্বর নির্ভর করে শূন্যপদ, পরীক্ষার্থীর সংখ্যা ও প্রশ্নপত্রের মান অনুযায়ী। কাট অফ নম্বর সঠিকভাবে জানানো সম্ভব নয়। তবে আশা করা যায় এবার কাট-অফ ১১০ থেকে ১২০'এর মধ্যে থাকবে। মহিলা প্রার্থীদের কাট অফ আরো একটু কমবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বেলায় মহিলাদের কাট অফ নম্বর ছেলেদের থেকে আলাদা হয় না একই থাকে? — রানী মুখার্জী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ মহিলাদের কাট অফ নম্বর আলাদা হয়। সাধারণত মেয়েদের কাট অফ নম্বর ছেলেদের থেকে সামান্য হলেও কম থাকে।

ব্যাঙ্কে চাকরির

■ আই.বি.পি.এস. ক্লার্ক পদের প্রিলিম পরীক্ষা কবে হবে? — প্রিয়নাথ দত্ত, বিরাটি, উত্তর ২৪ পরগনা।সায়ন বিশ্বাস, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ আই.বি.পি.এস.-এর ক্লার্ক পদের প্রিলিম পরীক্ষা হবে ১২, ১৮ ও ১৯ ডিসেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৯ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibpsonline.ibps.in

স্কুল সার্ভিসের

■ ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। কিন্তু উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর আছে। ডি.এল.এড. কোর্স করা আছে। আপার প্রাইমারির জন্য যোগ্য কি? — অয়ন পাল, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ না, যোগ্য নন। এক্ষেত্রে ডিগ্রি কোর্সে ৫০% নম্বর থাকা বাধ্যতামূলক।

সেনাবাহিনীর

■ সেনাবাহিনীর ব্যারাকপুরের র‍্যালি ৫ জানুয়ারি থেকে হবে কি? না আরো পিছোবে? — রবিউল মোল্লা, কদম্বগাছি, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ এখনো পর্যন্ত ঠিক আছে র‍্যালি ৫ জানুয়ারি থেকেই হবে। র‍্যালি শুরু ১ সপ্তাহ আগে থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। পরীক্ষা পিছোলে সেনাবাহিনীর ওয়েবসাইটে বিস্তারিত তথ্য দেওয়া হবে।

রেলে চাকরির

■ রেলের গ্রুপ-ডি পদের জন্য নতুন করে ফটো ও সিগনেচার আপলোড কবে থেকে শুরু হবে? এই পদের পরীক্ষা কবে হবে? — পার্থ দে, বহরমপুর, মুর্শিদাবাদ। প্রিতি ঝাঁ, বেথুয়া, নদিয়া।

■■ রেলে গ্রুপ-ডি পদের জন্য ফটো ও সিগনেচার সংক্রান্ত কারণে যাঁদের দরখাস্ত বাতিল হয়েছিল, তাঁদের নতুন করে ফটো ও সিগনেচার আপলোড করার সুযোগ দিচ্ছে ভারতীয় রেল রিক্রুটমেন্ট বোর্ড। ২৬ নভেম্বর রেল রিক্রুটমেন্ট বোর্ড এক বিজ্ঞপ্তিতে জানায়, রেলে গ্রুপ-ডি (বিজ্ঞপ্তি নং RRC -01/2019) পদে ১ লাখ ৩ হাজার ৭৬৯টি শূন্যপদের ২০১৯ সালে যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁদের মধ্যে অনেক প্রার্থীর দরখাস্ত বাতিল করা হয়েছে বিভিন্ন কারণে। এর মধ্যে ফটো ও সিগনেচার আপলোড সংক্রান্ত কারণে যাদের দরখাস্ত বাতিল হয়েছে, তাদের নতুন করে ফটো ও সিগনেচার আপলোড করার সুযোগ দেওয়া হচ্ছে। এর ফলে সারা ভারতে কয়েক লাখ প্রার্থী পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন বলে রেল বোর্ডের ধারণা। যাঁদের দরখাস্ত বাতিল হয়েছে, তাঁরা পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে রাখুন। সারা ভারতের বিভিন্ন রেল রিক্রুটমেন্ট বোর্ড অল্প কয়েক দিনের জন্য আপলোডিং লিঙ্ক সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দেবে। তখন প্রার্থীদের দরখাস্ত করতে হবে। প্রার্থীদের নিয়মিত ওয়েবসাইট দেখতে অনুরোধ করা হচ্ছে। এই পদের অনলাইন পরীক্ষা শুরু হবে ২৩ ফেব্রুয়ারি থেকে।

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পার্টের যে পরীক্ষা গতবছর ডিসেম্বর থেকে এবছর জুলাই পর্যন্ত ৭টি ধাপে হয়েছিল, তার ফল কবে বেরোবে? মেন পরীক্ষা কবে হবে? — প্রিয়াঙ্কা দত্ত, কাজিপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা। রূপা গায়েন, বিরাটি, উত্তর ২৪ পরগনা। জয়ীতা ঘোষ, কুঁদঘাট, চন্দননগর, হুগলি। অর্ঘ দীর্ঘাঙ্গী, আনরবাটি, আটপুর, হুগলি। রিন্টু চৌধুরী, মুর্শিদাবাদ। সজল মন্ডল, পুরুলিয়া।

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির প্রথম পার্টের যে কম্পিউটার টেস্ট হয়েছিল, তার ফল বেরোবে ১৫ জানুয়ারি। সফলদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে ১৪ থেকে ১৮ ফেব্রুয়ারি।

■ রেলে গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — পিন্টু দত্ত, শিমুরালি, চাকদহ, নদিয়া। রিন্টু চৌধুরী, কান্দি, মুর্শিদাবাদ। অর্পিতা মাঝি, হুগলি। তরুণ দত্ত, দুর্গানগর, কলকাতা। সুকমল মজুমদার, বৈরাগির হাট, মাথাভাঙা, কোচবিহার। দীনবন্ধু মাইতি, আটপুর, জঙ্গিপাড়া, হুগলি। বাসুদেব ভৌমিক। পল্লব পান, শেয়ালি, অমরপুর, পূর্ব বর্ধমান। পিকান মিস্ত্রি, কুলিয়া, বাগদা, উত্তর ২৪ পরগনা। হাকিম সেখ, অর্জুনপুর, ফরাক্কা, মুর্শিদাবাদ। সুদীপ্ত চৌধুরী। সঞ্জয় বর্মন, জয়ন্তনগর, হিন্দমোটর, হুগলি। সঞ্জয় রায়, নারায়ণসুন্দরী, সোনামুখী, বাঁকুড়া। চন্দ্রজ্যোতি কুন্ডু, আরামবাগ, হুগলি।

■■ রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি নং RRC-01/2019' এর কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) পরীক্ষা হবে আগামী বছর ২৩ ফেব্রুয়ারি থেকে। বিভিন্ন ফেজে এই পরীক্ষা হবে। ই-কল লেটার পরীক্ষার ৪ দিন আগে ডাউনলোড করতে পারবেন।

স্টাফ সিলেকশনের

■ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি লাগে? — হরিনাথ চ্যাটার্জী, ন'পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা। পৌলমি মাইতি, শেওড়াফুলি, হুগলি। জয়ন্ত সিনিয়র, সোয়াতখালি, ভাতার, পূর্ব বর্ধমান।

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে,। ও.বি.সি.'রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক /জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে । দ্বিতীয় পর্যায়ের ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা হবে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৬০ মিনিট। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। ১০০ নম্বরের ১ ঘন্টার পেন পেপার মোডের এই পরীক্ষায় থাকবে ২০০-২৫০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখা আর ১৫০-২০০ শব্দের মধ্যে চিঠি লেখা /অ্যাপ্লিকেশন লেখা। এই পেপারে ৩৩% নম্বর পেলে সফল হবেন। এরপর স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

■ স্টাফ সিলেকশন কমিশনের সব পরীক্ষা ও রেলের পরীক্ষা কি এবার থেকে ন্যাশনাল রিক্রুটমেন্ট এজেন্সির মাধ্যমে নেওয়া হবে কি? না যেমন সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট বোর্ড পরীক্ষা নিত সেই ভাবেই নেবে? — অরিত্র চ্যাটার্জী, ৩০২, বিদ্যাসাগর রোড, নিউব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।

■■ কেন্দ্রীয় সরকারের সব দফতরের পরীক্ষা এবার থেকে ন্যাশনাল রিক্রুটমেন্ট এজেন্সির মাধ্যমে নেওয়ার পরিকল্পনা চলছে। কিন্তু এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তাই স্টাফ সিলেকশন কমিশনের ও রেলের যে সব পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে সেগুলির পরীক্ষা সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট বোর্ডই নেবে।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
নৌবাহিনীর জাহাজ মেরামতি সংস্থায় অ্যাপ্রেন্টিস	আই.টি.আই. পাশ	১৭৩	১৮-১২-২১	www.apprenticeshipindia.gov.in
চন্ডীগড়ের গভঃ মেডিক্যাল কলেজে নার্স	নার্সিং পাশ	১৬২	২৭-১২-২১	http://gmch.gov.in
বর্ডার সিকিউরিটি ফোর্সে কনস্টেবল, হেড কনস্টেবল	আই.টি.আই.	৭২	২৯-১২-২১	https://rectt.bsf.gov.in
বিমানবাহিনীতে অফিসার	গ্র্যাজুয়েট	৩১৭	৩০-১২-২১	www.careerindianairforce.cdac.in
সেন্ট্রাল ব্যাঙ্কে অফিসার	গ্র্যাজুয়েট	৬৫	১৭-১২-২১	www.centralbankofindia.co.in
পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের বিভিন্ন সার্কেলে সুইপার	মাধ্যমিক	-		www.pnbindia.in
ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস	আই.টি.আই.	৫০	২০-১২-২১	www.apprenticeshipindia.org
কোস্ট গার্ডে অফিসার	গ্র্যাজুয়েট	৫০	১৭-১২-২১	www.joinindiancoastguard.gov.in
ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার	পোস্ট-গ্র্যাজুয়েট পাশ	-	২-১-২২	www.csirnet.nta.nic.in
ইন্ডিয়ান অয়েলের সাউদার্ন রিজিয়নে অ্যাপ্রেন্টিস	আই.টি.আই. ডিপ্লোমা পাশ	৩০০	২৭-১২-২১	www.iocl.com
নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, স্টেনো, ট্রেনি	উচ্চমাধ্যমিক ডিপ্লোমা গ্র্যাজুয়েট	৭৭	২৭-১২-২১	www.npcilcareers.co.in
এন.বি.সি.সি. লিমিটেডে ম্যানেজমেন্ট ট্রেনি	গ্র্যাজুয়েট	৫৫	৮-১-২২	www.nbccindia.com
প্রতিরক্ষা সংস্থায় সাব-ডিভিশনাল অফিসার	মাধ্যমিক ও সার্ভেয়িং	৮৯	১৫-১-২২	https://barrackpore.cantt.gov.in

পরপর ১৬ বার ১* নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে মঙ্গলবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) Jan-June, 2021

আই.বি.পি.এস ক্লার্ক পদের লিখিত প্রিলি. পরীক্ষা শুরু হয়েছে ১২ ডিসেম্বর থেকে। এরপর হবে ১৮ ও ১৯ ডিসেম্বর। অর্থাৎ আর মাত্র কয়েকদিন বাকি। আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি এসেছে। সবার অনুরোধ 'লাস্ট মিনিট সাজেশন' বের করুন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, ICDS, নার্সিং পরীক্ষা অর্থাৎ, এবছরে হওয়া সব পড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া আই.বি.পি.এস'এর ৪ ডিসেম্বরে হওয়া প্রবেশনারি অফিসার পদের পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার ১সেট প্রশ্নোত্তর দেওয়া হল।

'লাস্ট মিনিট সাজেশন'

আই.বি.পি.এস ক্লার্ক পদের পরীক্ষার

IBPS

ই-মেল : karmajiggasa@gmail.com

ENGLISH LANGUAGE

Direction (Qs. 1-10) : *Read the following passage carefully and answer the questions given below it. Certain words are given in bold to help you locate them while answering some of the questions.*

